এমন সময় পণ্ডিতজীর কথা তাহার কানে গেল। কি করিবে স্থির করিতে না পারিয়া, সে তাড়াতাড়ি ঘরের মধ্যে যেখান হইতে পারিল সেইখান হইতেই,

কাঁথা, কাপড়, বালিশ, মৃগচর্ম—শেষ হাঁড়ি কুঁড়ি, বাটি—যেখান হইতে যাহা আনিতে পারিল, তাই দিয়া ঢাকা দিতে লাগিল। কিন্তু যতই বুড়া মোহরগুলাকে আবৃত করিবার চেষ্টা করে, ততই সেগুলা যেন অধিকতর উজ্জ্বল হইয়া তাহার চোখের উপর ভাসিয়া পড়ে।

ক্রমে জানালা, দেওয়াল, দরজা, ঘরের চাল—বুড়ীর চক্ষে সমস্তই যেন স্বচ্ছ, সবগুলিই ফাঁকা দেখাইতে লাগিল। ভয়ে ভয়ে বুড়া মোহর বাহির করিল। দুইহাতে বুকে চাপিয়া বাহিরে আসিল। দেখিল পণ্ডিতজী চলিয়া গিয়াছে।

সন্দেহ দূর করিবার জন্য দুই একবার সে "পণ্ডিতজী"—"পণ্ডিতজী" বলিয়া ডাকিল। উত্তর পাইল না। ব্রাহ্মণের ঘর খুঁজিল। দেখিতে পাইল না। পা টিপিয়া দরজার কাছে গেল। সাবধানে শুধু মুণ্ডটি বাহির করিয়া সুবর্ণরেখার তীরস্থ পথের দিকে দৃষ্টি নিক্ষেপ করিল—যতদূর দেখা যায় দেখিল। দেখিল, রাজপথে জনপ্রাণী নাই। বুড়া দ্বার বন্ধ করিয়া দিল।

বুড়া এইবারে যেন কতকটা নিশ্চিন্ত হইল। ভাবিল, মনোমত স্থান সন্ধান করিয়া এইবারে মোহরগুলিকে লুকাইতে পারিবে। ব্রাহ্মণের গৃহের সম্মুখে একটি তুলসীমঞ্চ। তাহার নিকটবর্তী অনেকটা স্থান বাঁধান। সেখানে বসিলে বাড়ীর সমস্ত অংশই দেখিতে পাওয়া যায়। বুড়া মোহরগুলি ব্রাহ্মণের ঘরের মধ্যে রাখিয়া সেখানে বসিল। বসিয়া কাঁদিবার উদ্‌যোগ-আয়োজনে প্রবৃত্ত হইল।

বুড়ার সংসারে কেহ ছিল না। তুলিয়া বলিয়া একটিমাত্র কন্যা ছিল। সেটি তিন বৎসর পূর্ব্বে মারা পড়িয়াছে। সুতরাং এত ধন লইয়া বুড়া কি করিবে? তাই আজ তিন বৎসর পরে সে কন্যার অভাব অনুভব করিল। বাঁচিয়া থাকিলে তুলিয়া এক সঙ্গে এত মোহর দেখিতে পাইত। মোহরগুলি দেখাই বুড়া চরম উপভোগ মনে করিয়াছিল। তুলিয়া বাঁচিয়া থাকিলে তাহাকেও স্পর্শ করিতে দিত না। তথাপি বুড়ার তুলিয়াকে মনে পড়িল এবং সেইজন্য যেটুকু চক্ষুজল নিক্ষেপের প্রয়োজন, তাহা সম্পন্ন করিতে সে কিছুমাত্র ত্রুটী করিল না। নিকট হইতে একখানা পিঁড়ি লইয়া একখানা কাঁথা গায়ে দিয়া, বুড়ী কাঁদিতে বসিল।

কিন্তু বিধাতা তাহাকে কাঁদিতে দিল না। কাঁদিবার উপক্রমটি করিয়াছে মাত্র, এমন সময় বুড়ীর বোধ হইল যেন কে সদর দরজার কড়া নাড়িতেছে। চুপ করিয়া বুড়ী কান পাতিয়া রহিল। অনেকক্ষণ অপেক্ষা করিল, বুঝিল, বাতাসের কার্য্য। এমন অসময়ে ত্রস্ত করিবার জন্য বাতাস কতকগুলা গালি খাইল। এবার বুড়ী নীরবে কাঁদিবার ব্যবস্থা করিল। এ সময় চীৎকার করাটা বুদ্ধিমতীর কার্য্য নয়। বুদ্ধিমতী তুলিয়ার মা আর কোনও মতে কণ্ঠ হইতে শব্দ বাহির হইতে দিল না। যদিই বা কাঁদে-বুকে দুই একটা দুঃখ কথা জাগাইবার উপক্রম করিল, অমনি সে হাত মুখে চাপিয়া, দাঁতে পিষিয়া, তাহাদের বিলোপ সাধন করিতে লাগিল। পাছে কেহ বাহির হইতে কথা শুনিতে পায়,—পাছে কেহ বাড়ীতে আসিয়া তাহাকে রোদনের কারণ জিজ্ঞাসা করে।

অতি সন্তর্পণে তুলিয়ার মা শোকাবেগ-কার্য্য নিষ্পন্ন করিল। তার পর আবার পুঁটুলি বুকে করিয়া বসিল। বুড়ী কোথায় যে মোহর লুকাইবে, তাহা এখনও স্থির করিতে পারে নাই। ভাবিল, দিনটা যে কোন প্রকারে কাটাইয়া দিই। রাত্রে এর বাহিরে একটা বিলি-ব্যবস্থা করিব।

সহসা বিষম কোলাহল তাহার কানে গেল। বুড়ী শুনিতে পাইল, কাছারী বাড়ীর নিকটে একটা বিষম গোলমাল বাঁধিয়াছে। বুড়ী স্থির করিল, এ আর কিছু নয়, পণ্ডিতজী ঘরে নাই জানিয়া, তাহার মোহরের গন্ধে সিপাহীগুলা তাহার ঘর লুটিতে আসিতেছে। সে তাড়াতাড়ি, যেখানে যা পাইল—পাথর, ইট, কাঠ, দরজায় চাপা দিতে আরম্ভ করিল। এদিকে কোলাহলে রাজ-অন্তঃপুর পর্য্যন্ত পরিপূর্ণ হইয়াছে। তুলিয়ার মা দেখিল, রাজবাটীর ছাদে—রাজা, রাণী ও রাজকুমারী উদগ্রীব হইয়া কি দেখিতেছেন।

বুড়ীর আর বুঝিতে কিছুই বাকী রহিল না। সে বালিস লইয়া ব্রাহ্মণের ঘরে প্রবেশ করিয়া কপাট বন্ধ করিল এবং মোহরের থলিয়া বুকে করিয়া জীবনে প্রথম, স্বেচ্ছায় উপবাসব্রত গ্রহণ করিল।

মোহর কয়টী দিয়া, যথার্থই ব্রাহ্মণ প্রভুপরায়ণা পরিচারিকার সর্ব্বনাশ সাধন করিয়া গিয়াছেন।

নবম পরিচ্ছেদ

ঘর হইতে বাহির হইয়াই রতন ভাবিলেন—একবার দুই দেওয়ানকে দেখিয়া যাই। এই স্থির করিয়া তিনি কাছারী-বাড়ীর দিকে অগ্রসর হইলেন। ইংরাজের অধীনে আসিয়া অভ্যাগত সাহেবদিগের অভ্যর্থনার জন্য রাজা সাহেবী ধরণে অট্টালিকাটি নির্ম্মিত করাইয়াছিলেন। এখন তাহার নিচে কাছারী হয়, উপরে আনন্দদেব পরিবার লইয়া বাস করেন। সাহেবদিগের জন্য একটি স্বতন্ত্র আবাস-স্থান নির্ম্মিত হইয়াছে। কাছারী বাড়ীর পূর্ব্বে কাঙ্গালীর দীঘি বলিয়া একটি প্রকাণ্ড দীঘি। তাহার পূর্ব্বে ঠিক কাছারী-বাড়ীর অপরপারে বাগবাগিচা করিয়া উদ্যান। তাহার মধ্যে সুনির্ম্মিত একখানি বাংলা। সাহেবেরা এখন সেই খানে আসিয়াই থাকেন।

কাছারী-বাড়ীর পশ্চিমে প্রায় দুই রশি দূরে কুলদেবতাদিগের রাজপ্রাসাদ। রতনের বাড়ীখানি রাজবাটীর সংলগ্ন একটি অন্তঃপুর-উদ্যানের অবস্থিত। তাঁহার ঘরের ঠিক পশ্চাতে প্রাচীরে একটি দ্বার ছিল। রাজার সহিত সাক্ষাতের জন্য, কিংবা কাছারী-বাটীতে যাইবার সময় ব্রাহ্মণ সেই দ্বার দিয়া বাগান পার হইয়া যাইতেন। তখন কাছারী-বাড়ী তাঁহার অনেক অতি নিকটেই ছিল। এখন কিন্তু তাহা অনেক দূর হইয়া পড়িয়াছে। আনন্দদেব সেই দ্বারটি বন্ধ করিয়া দিয়াছেন, পাছে তাঁহার অজ্ঞাতে ব্রাহ্মণ রাজার সহিত সাক্ষাৎ করিয়া আসে।

আজকাল তাঁহাকে সুবর্ণরেখার তীর দিয়া পথ ঘুরিয়া কিছুদূর উত্তর মুখে যাইতে হইত। তার পর রাজপথ বেড়িয়া উদ্যান বেড়িয়া কাছারী-বাড়ী ও অন্দরমহলে উপস্থিত হইতে হইত। পূর্ব্বে তিনি অন্তঃপুরদ্বার দিয়া রাজপুরে প্রবেশ করিতেন। এখন সিংহদ্বার ভিন্ন পুরে প্রবেশের অন্য পথ ছিল না। সেখানে যে সমস্ত দ্বারবান ছিল, তাহারা আনন্দদেবের চরের কার্য্য করিত।

সুতরাং গত রাত্রিতে রতনের রাজবাটীতে আগমন ও বহুক্ষণ অবস্থান রাত্রিশেষেই আনন্দদেবের কানে উঠিয়াছে। আনন্দদেব আরও শুনিয়াছেন, একটা থলিয়ার মধ্যে কি জানি কি দ্রব্য লইয়া, রতন পুর হইতে বহির্গত হইয়াছেন।

চিন্তায় সমস্ত রাত্রি আনন্দদেবের নিদ্রা হয় নাই। ব্রাহ্মণকে ভয় করিলেও আনন্দদেব মনে মনেও তাঁহাকে ঘৃণা করিতে সাহস করিতেন না। ব্রাহ্মণের নিস্পৃহতা তাঁহার অবিদিত ছিল না। প্রয়োজন সাধনের জন্য তিনি নিজেই কতবার তাঁহাকে পরীক্ষা করিয়াছেন। গত বর্ষে ব্রাহ্মণকে প্রলুব্ধ করিবার চেষ্টা করিয়াছেন। চেষ্টার ফল হয় নাই। সেই ব্রাহ্মণ থলিয়া করিয়া আনিল কি? সম্ভবতঃ মুদ্রা। মুদ্রার বৈদ্যুতিক শক্তি আনন্দদেবের অপরিজ্ঞাত ছিল না। আনন্দদেব জানিতেন, যে মুদ্রার সহায়তায় ভিখারী হইয়াও তিনি আজ রাজার তুল্য ঐশ্বর্য্য প্রাপ্ত হইয়াছেন, সেই মুদ্রার সাহায্যে বুদ্ধিমান বাঙ্গালী ব্রাহ্মণ না করিতে পারে কি? বিশেষতঃ তাঁহাকে কোনও সংবাদ না দিয়া রাঁচি হইতে অকস্মাৎ সাহেব একজন বন্ধু লইয়া গতরাত্রে অনন্তপুরে আসিয়াছেন। অবশ্য চরের সাহায্যে আনন্দদেব জানিয়াছেন যে, সাহেবদের সহিত রতনের সাক্ষাৎ হয় নাই। তথাপি দেওয়ান বৃশ্চিক-দষ্টের ন্যায় সমস্ত রাত্রি বিছানায় পড়িয়া ছটফট করিয়াছেন।

শেষরাত্রে যখন মুকুন্দ আসিয়া তাঁহাকে সংবাদ দিল যে, সাহেবেরা মৃগয়ার জন্য অনন্তপুরে আসিয়াছে, তখন কথঞ্চিৎ প্রকৃতিস্থ হইয়া দেওয়ান একটু ঘুমাইবার চেষ্টা করিলেন। তন্দ্রাটি আসিয়াছে, এমন সময় বাহিরে একটা বিষম কোলাহল তাঁহার আনন্দলোলুপা নিদ্রাকে একেবারে দেশান্তরই পার করিয়া দিল।

সত্বরে আনন্দ শয্যা ত্যাগ করিলেন। কোলাহলের কারণ জানিবার জন্য ব্যগ্র হইয়া জানালার কাছে ছুটিলেন। কিছু দেখিতে পাইলেন না। মুকুন্দকে ডাকিলেন, উত্তর পাইলেন না। পর-কোঠে যাইয়া মুকুন্দের সন্ধান করিলেন। দেখিলেন, মুকুন্দ নাই। প্রাণপণ চীৎকারে ভৃত্যদের ডাকিলেন। কোনও ভৃত্য উত্তর দিল না। কোলাহল উত্তরোত্তর বৃদ্ধি পাইতে লাগিল। আনন্দদেবের বোধ হইল, অনন্তপুরের গগন কি যেন এক অলৌকিক তীব্রনাদে আলোড়িত হইতেছে। তিনি পুনরায় জানালার নিকটে গিয়া মুখ বাড়াইয়া দেখিবার চেষ্টা করিলেন। দেখিলেন, জনস্রোত সুবর্ণরেখার তীরাভিমুখে প্রবাহিত হইতেছে। ভয়ে তিনি জানালা বন্ধ করিলেন। ঘরের কবাট বন্ধ করিতে যাইতেছেন, এমন সময় স্ত্রী ও পুত্রবধূ অন্তঃপুর হইতে তাঁহার কাছে ছুটিয়া আসিল।

স্ত্রীকে তদবস্থায় দেখিয়া সভয়ে আনন্দদেব জিজ্ঞাসা করিলেন—"ব্যাপার কি ?"

স্ত্রী বলিল—"সর্ব্বনাশ হইয়াছে। মুকুন্দ বুঝি নাই।"

পুত্রবধূ আনন্দী সকরুণ চীৎকার করিয়া উঠিল।

স্ত্রী আবার বলিল—ব্রাহ্মণ রক্তম তাহাকে হত্যা করিয়াছে।

মূর্চ্ছিতপ্রায় আনন্দদেব ভূমিতে বসিয়া পড়িলেন, সহসা এক জন ভৃত্য ঊর্দ্ধশ্বাসে ছুটিয়া ঘরে প্রবেশ করিল এবং [illegible] মুকুন্দকে দেখিয়া সত্বর তাঁহাকে স্থানত্যাগ করিতে অনুরোধ করিল। বলিল—"এখনি ঘর ছাড়িয়া পালান। নহিলে প্রাণে বাঁচিবেন না। ব্রাহ্মণ এই দিকেই আসিতেছে।"

মৃত্যুর আশঙ্কায় [illegible] তখনি উঠিয়া দাঁড়াইলেন। [illegible] সাহায্য করিয়া দুয়ার ঠেলিয়া চলিল। একবার মাত্র আনন্দ জিজ্ঞাসা করিলেন—"মুকুন্দ ?"

ভৃত্য। সাহেবেরা তাহাকে হত্যা করিয়াছে।

সংবাদ দিয়াই আত্মরক্ষার্থে সে [illegible] হইতে প্রস্থান করিল।

এদিকে বাহিরের কোলাহল [illegible] নিকটে আসিয়াছে। আনন্দ [illegible] বলিলেন— "[illegible]"

আতঙ্কগ্রস্তা পুত্রবধূ বক্ষ চাপিয়া অন্তঃপুরাভিমুখে ছুটিল। বিপদে আত্মবুদ্ধি, স্বামীর জীবনের [illegible] আর অবকাশ পাইল না।

আনন্দদেবের বোধ হইল, তাঁহাকে হত্যা করিবার জন্য যেন চারিদিক হইতে [illegible] তাঁহার অনুসরণ করিতে ছুটিয়া আসিতেছে। এক্ষণে পলায়ন ভিন্ন গত্যন্তর নাই। বাহির হইবার জন্য ঘরের চৌকাঠে যেই পা দিয়াছেন, অমনি সোপানে অসংখ্য পদশব্দ শ্রুত হইল। তাঁহার হৃৎপিণ্ড বন্ধ হইয়া আসিল। তিনি বুঝিলেন, বাহির হইলেই [illegible] সম্মুখে পড়িবেন। আত্মরক্ষার উপায়ান্তর না দেখিয়া তিনি [illegible] আত্মগোপনের উদ্যোগ করিলেন। [illegible] আত্মহারা—হারবোধ [illegible] পর্য্যন্ত তাঁহার মনে আসিল না।

বিভীষিকার, দুর্ঘটনার আকস্মিকতার বিকম্পিত-বিমূঢ় আনন্দ নিজের শারীরিক অবস্থার কথা একেবারে ভুলিয়া গিয়াছেন। ভুলিয়া গিয়াছেন, তাঁহার দেহ [illegible] হইতে অশক্ত অথচ অপ্রয়োজনীয় মাংসরাশির অতিরিক্ত ভার বহন করিয়া আসিতেছে। ভুলিয়া গিয়াছেন যে, এই অযত্ন-সঞ্চিত মাংসরাশি তাঁহার [illegible] বিস্তৃত ছিল না,—[illegible] অধিক ছিল। এটা [illegible] বুঝিতে পারেন নাই, তদুপরি আবেগপূর্ণ [illegible] তাঁহার [illegible] আবশ্যক [illegible]।

তাহা ঘটিবার তাহাই ঘটিল। অর্থাৎ [illegible] প্রবেশ করিবা মাত্র, [illegible] বিশাল অঙ্গ [illegible] আবদ্ধ হইয়া গেল। [illegible] নিম্নাংশ পদাদের ভিতর [illegible] রহিল, [illegible] অবশিষ্টাংশ বাহিরে পড়িয়া রহিল।

[illegible]

সপ্তম পরিচ্ছেদ

[illegible]

[illegible]

[illegible] করিয়া [illegible] পূর্ব্বে [illegible] নিযুক্ত করিতেছিলেন, সেই স্থান হইতে অর্দ্ধক্রোশ পর্য্যন্ত একটি বিশাল স্তূপ-প্রায় [illegible] কেবল একটি প্রকাণ্ড হইয়াছে।

পূর্ব্বদেশীয় সংবাদে, অদ্যপুর হইতে [illegible] এক ক্রোশ দূরে একটি অনতি-উচ্চ অট্টালিকা-চূড়া হইতে অনার সেই বহুযোজনব্যাপী [illegible]

আবদ্ধ। সেই বহু পাহাড় বুকে লইয়া, স্তরে স্তরে উন্নত সেই বিশাল অরণ্য, ছিন্নভিন্নদেহ মহা-সিন্ধুর ন্যায় অনন্ত আকাশ-নীলিমাকে আলিঙ্গন করিতেছিল। মাঝে মাঝে দুই চারিটি পাহাড় সোনার অঙ্গ স্বর্ণবর্ণ মালঞ্চের ন্যায় সেই অরণ্য-সমুদ্রে ভাসিতেছিল। বাগানে বেড়াইতে বেড়াইতে ব্রাউন সেই অপূর্ব মহান্ অরণ্যের সৌন্দর্য নিরীক্ষণ করিতেছিলেন।

এমন সময়ে একজন সুবর্ণরেখার তীরভূমি পরিত্যাগ করিয়া প্রান্তরে অবতীর্ণ হইলেন। তাঁহার মাথায় উষ্ণীষ, গায়ে বেনিয়ান, পরিধান মলিনবর্ণ ধুতি, পায়ে নাগরাজুতা এবং কাঁধে চৈতন-নিবেদকোলে পোঁটলাও লম্বমান। বহুদিন হিন্দুস্থানীদের সংসর্গে থাকিয়া তাঁহার আচার-ব্যবহার অনেকটা তাহাদেরই মতন হইয়াছিল। তিনি সর্বদা পরিষ্কার থাকিতে ভাল বাসিতেন। পরে পরিচ্ছদেও তিনি কখন মলিন বস্ত্র পরিধান করিতেন না।

প্রান্তরে আসিয়াই একজন পথিকের বটবৃক্ষের নিম্নস্থ হইলেন এবং তাহার একটি ছুরিকাগ্র শাখায় কমণ্ডলু, মৃগচর্ম, কাপড়ের পুঁটুলি ও লাঠি গাছটি রক্ষা করিলেন এবং নিশ্চিন্তে কাছারীর দিকে অগ্রসর হইতে লাগিলেন। কাছারী-বাড়ীতে যাইতে হইলে, নবাব পুষ্করিণী সরোবরের তীর ধরিয়া, বাংলোর পশ্চাতে রাখিয়া আবার তাঁহাকে পশ্চিম-মুখী হইতে হইবে।

পুষ্করিণী ফিরিতে ফিরিতে রতনের মুখে প্রাতঃসূর্যের কিরণ পতিত হইল। তাঁহার কপিশ-কাঞ্চনোজ্জ্বল বর্ণ বয়সের আধিক্যে আংশিক ম্লান হইয়াছিল। তাঁহার বিশাল বক্ষ, অতুল দেহ, সৌম্য ও প্রতিভাব্যঞ্জক মুখশ্রী, পক্ককেশ-মণ্ডিত শুভ্র মস্তক দূর হইতে ব্রাউনের দৃষ্টি আকর্ষণ করিল। প্রান্তর-পথে চলিতে চলিতে ব্রহ্মচারী বৃদ্ধ, শুভ্র পরিচ্ছদে অরুণ কিরণ প্রতিফলিত হওয়ায় পর্বতশীর্ষ কাঞ্চনজঙ্ঘার ন্যায় শোভা পাইতেছিলেন।

অনেক রতনের শোভা দেখিতে দেখিতে ব্রাউনের অন্তরে একটা ভাব উপস্থিত হইয়াছিল। অরণ্যের বিশালতায় আপনাকে বিক্ষেপ করিয়া, অনন্ত মুহূর্তে সেই সুদূর হইতেই ধ্যানমগ্ন যোগীর ন্যায় আত্মবিস্মৃতির পথে মুহুর্মুহুঃ আন্দোলিত হইতেছিলেন। ভাবনায় তাঁহার স্বপ্নকুহেলিকাবৃত কুসুমরাশির ন্যায় তাঁহার মনশ্চক্ষুর উপর দিয়া ভাসিয়া যাইতেছিল। এমন সময়ে রতনের দিব্যমূর্তি একাধার-নিবিষ্ট পুষ্পগুচ্ছের ন্যায়, তাঁহার ধ্যানাবিষ্ট দৃষ্টির উপর সহসা প্রস্ফুটিত হইয়া উঠিল। ব্রাউনের বোধ হইল, যেন পশ্চিমাকাশ হইতে ভূতলাবতীর্ণ প্রভাতকিরণস্নাত দেবদূত আমাকে বিস্ময় করিতেছে। বিস্ময়াবিষ্ট হইয়া তিনি হারুলিকে ডাকিলেন। হারুলি তখনও ঘুমাইতে-ছিলেন। ঘুমাইতে ঘুমাইতে তিনি একপাশে বসিয়া এক বৃদ্ধ বশিষ্ঠ ব্রাহ্মণকে, অরুন্ধতী বশিষ্ঠের অপরপার্শে, কিছুকালের জন্য ত্রিদিবে পাঠাইবার ব্যবস্থা করিতেছিলেন। এমন সময় সহচরের কথা কর্ণে প্রবিষ্ট হওয়ায় তাঁহার ঘুম ভাঙিয়া গেল।

চোখ মুছিতে মুছিতে হারুলি বাহিরে আসিলে, ব্রাউন তাঁহাকে ব্রাহ্মণকে দেখাইয়া বলিলেন—"দেবদূত দেখিয়াছ?"

দেবদূত দেখিয়াই হারুলি উচ্চহাস্য করিয়া উঠিলেন।—বলিলেন,—"কিছুদিন এ দেশে থাকিয়া এ স্থানের জল-বায়ুতে অভ্যস্ত হইয়া 'দেভিল'কে দেখিবার চক্ষু প্রস্তুত কর। তার পর উহার পানে চাহিও। দেখিবে উহার মূর্তি কত কুৎসিত।"

ব্রাউন এ সকল কথার এক বর্ণও বুঝিতে পারিলেন না। ভাবিলেন—"চক্ষুর কি অবস্থা হইলে এরূপ সুন্দর কুৎসিত দেখায়?"

এদিকে নিকট পাহাড়ের আড়ালে পড়িয়া, রতন সাহেবদিগের দৃষ্টিপথ হইতে অন্তর্হিত হইলেন। ব্রাউনের হাত ধরিয়া হারুলি তাঁহাকে বাংলোর ভিতর লইয়া চলিলেন। চলিতে চলিতে ব্রাউন একবার ফিরিলেন—ব্রাহ্মণকে দেখিতে পাইলেন না। হারুলির কথায় তাঁহার মনটা বড়ই বিমর্ষ হইয়া গেল। তথাপি ব্রাহ্মণ যে ছবি তাঁহার হৃদয়ে অঙ্কিত করিয়াছিলেন, সেটি আর বিলুপ্ত হইল না।

এদিকে রতন ধীরে ধীরে কাছারী-বাড়ীর দিকে অগ্রসর হইতেছিলেন। মুকুন্দও সেই পথ দিয়া সাহেবদের সহিত সাক্ষাৎ করিতে আসিতেছিল। আসিতে আসিতে সম্মুখে রতন। মুকুন্দের মুখ শুকাইয়া গেল। দেওয়ানের কথা জানিবার জন্য রতন তাহার সমীপবর্তী হইলেন।

এমনি সময়ে চারিজন সিপাহী কাছারীর কাজে সেই পথ ধরিয়া কোথায় যাইতেছিল। দেখিল,

মন্দিরের সম্মুখে বৃদ্ধ ব্রাহ্মণ বসেন। কৌতূহলপরবশ হইয়া তাহারা উভয়ের নিকটে আসিল, অস্ত্রেরেরই হস্তে একখানি করিয়া দীর্ঘ যষ্টি ছিল। যষ্টি হস্তে করিয়া তাহারা মুকুন্দের পার্শ্বে দাঁড়াইল।

সিপাহীদের দেখিয়া মুকুন্দের সাহস বাড়িল। ভাবিল—"ব্রাহ্মণকে নিজের শক্তি দেখাইবার এই একটি শুভ অবকাশ, ব্রাহ্মণ কথায় কথায় আমার ও আমার পিতার অপমান করিল। আমিই বা এই অবকাশ ছাড়িব কেন?" ব্রাহ্মণ সমীপস্থ হইবামাত্র কর্কশস্বরে জিজ্ঞাসা করিল—"কি চাও?" রতনের সম্মুখে মাথা তুলিয়া মুকুন্দ জীবনে এই প্রথম কথা কহিল।

প্রশ্নের রূঢ়তায় রতন বিরক্ত হইলেন। তথাপি সংযত ভাবে মনোভাব গোপন করিয়া উত্তর দিলেন—"তোমার পিতার সহিত সাক্ষাৎ করিতে চাই।"

মুকুন্দ পূর্ববৎ কর্কশস্বরে রতনকে বুঝাইল, তাহার পিতার ন্যায় মাননীয় ব্যক্তির সহিত, রতনের ন্যায় দরিদ্র ভিক্ষুকের সাক্ষাতের অভিলাষ ধৃষ্টতা। মুকুন্দের এতই ঔদ্ধত্য যে, বৃদ্ধের দুর্দশার প্রতি দৃষ্টি না দিয়া, সে একক্ষণও তাহার অমঙ্গল-সূচক মূর্তি সম্মুখে উপস্থিত থাকিতে অনুমতি প্রদান করিয়াছে। কর্কশ স্বরে মুকুন্দ বৃদ্ধকে স্থানত্যাগ করিতে আদেশ করিল।

সিপাহিদিগের বৃদ্ধের আগমন একটু অলৌকিক বুঝিয়া, তাঁহাকে সত্বর বিদায় করিতে অগ্রসর হইল। ইহাদের মধ্যে একজন রতনকে বহুকাল হইতে জানিত। অপর সিপাহী নবাগত। তাহারা একেবারে রতনের গা ঘেঁষিয়া দাঁড়াইল। ভাবিল, এরূপ করিলে বৃদ্ধ ভয়ে আপনা হইতেই স্থানত্যাগ করিবে।

রতন কিন্তু প্রতিনিবৃত্ত হইতে জানেন নাই। সুতরাং মুকুন্দের রূঢ় আদেশবাক্য ও সিপাহীদিগের নীরব কার্যকর হইল না। বৃদ্ধ বরং মুকুন্দের দিকে অগ্রসর হইবার ভাব দেখাইল।

পরিচিত সিপাহী ভাবিল, শক্তির প্রয়োগ হয়। অপর সিপাহী স্থির করিল, বৃদ্ধ উন্মাদ। মুকুন্দ বুঝিল, ব্রাহ্মণ কি একটা দাবি করিতে আসিয়াছে। তথাপি সাহসে ভর করিয়া বলিল—"বুড়, যদি মঙ্গল চাও, তাহা হইলে এই দণ্ডেই স্থান ত্যাগ কর।"

রতন দেখিলেন, মিষ্টবাক্যে কার্য হইবে না, তাহাতে সুধা সরস নহে। অগ্রসর হইয়া তিনি একেবারে মুকুন্দকে ধরিয়া ফেলিলেন। সিপাহিগণ হাঁ হাঁ করিয়া উঠিল।

রতন তাহাদের চীৎকার কানে তুলিলেন না। একজন সিপাহী ছুটিয়া রতনকে ধরিল। রতন ভ্রূক্ষেপও করিলেন না। [illegible] কিঞ্চিৎ ধস্তাধস্তির মধ্যে মুকুন্দকে দৃঢ় করাইয়া, তিনি গম্ভীর স্বরে বলিলেন—"মূর্খ! স্থানত্যাগ করিবার জন্য আমি সর্বকার্য পরিত্যাগ করিয়া এতটা পথ আসি নাই। তুমি যদি মঙ্গল চাও—তোমার পিতার যদি মঙ্গল চাও, তাহা হইলে আমাকে তাহার কাছে লইয়া চল।"

তখন মুকুন্দ পরাজিত হইল। রতনের প্রকৃত মূর্তি তাহার চক্ষে প্রতিভাত হইল। কিংকর্তব্যবিমূঢ়, ভয়চকিত মুকুন্দ সাশ্রুনয়নে প্রহরী সিপাহীদের পানে চাহিল। প্রভুকে অপমানিত দেখিয়া সিপাহীরা রতনকে আক্রমণ করিল এবং বিনা প্রার্থনায় তাঁহার পৃষ্ঠে নানাবিধ মুষ্টি স্থাপন করিয়া প্রভুবৎসলচিত্তে সবলে আকর্ষণ করিল—মুকুন্দের হস্ত হইতে তাঁহার হস্ত মুক্ত করিবার চেষ্টা করিল।

চেষ্টায় ফল হইল না। সিপাহীদ্বয়ের [illegible] হইল, বাহুর দ্বারা [illegible] তাহারা [illegible] এবং তাহাদের যষ্টির প্রহারে [illegible] প্রয়োগেও তাহারা ব্রাহ্মণকে স্থানচ্যুত করিতে পারিল না। মুকুন্দেরও মুক্তিলাভ হইল না। [illegible] তিন জনে পরস্পরের মুখ চাওয়া চাওয়ি করিল। রতনের পরিচিত সিপাহী দূরে দাঁড়াইয়া তামাসা দেখিতেছিল।

প্রাণপণে মুকুন্দ চীৎকার করিয়া উঠিল। তাহাদের সহায়তা করিতে অনেক সিপাহী [illegible] দের দ্বারে উপস্থিত হইয়াছিল। সমস্যার [illegible] তাহারা মুকুন্দের চীৎকার শুনিল, শুনিয়া ঊর্ধ্বশ্বাসে সকলে মুকুন্দের সাহায্যার্থে ছুটিল।

চীৎকার সাহেবদিগেরও কানে পৌঁছিয়াছিল। কারণ-নির্ধারণের জন্য তাঁহারাও বারান্দার বাহিরে আসিয়াছেন। সাহেবদের দেখিয়া মুকুন্দ চীৎকার করিয়া সাহায্য প্রার্থনা করিল। বলিল—"সাহেব, দস্যুর হস্ত হইতে আমাকে রক্ষা কর।"

একাদশ পরিচ্ছেদ

যতন পশ্চাতে চাহিয়া দেখিলেন, দুইজন সাহেব। সম্মুখে দেখিলেন, দলে দলে সিপাহী মুকুন্দের উদ্ধারার্থ ছুটিয়া আসিতেছে; পরিণাম বুঝিতে ব্রাহ্মণের বাকী রহিল না। তিনি মনে মনে ভাবিলেন, "করিলাম কি? নারায়ণীর উপকার করিতে গিয়া, তাহার অধিকতর অনিষ্ট করিয়া বসিলাম।" বুঝিলেন, কার্য্য সিদ্ধ হওয়া সুদূরপরাহত। এত লোকের বাধা অতিক্রম করিয়া, আনন্দদেবের সমীপস্থ হওয়া তাঁহার সাধ্যাতীত। পরন্তু মুহূর্ত্তমাত্র বিলম্ব করিলে তাঁহাকে বন্দী হইতে হইবে।

এরূপ অবস্থায় আর অধিকক্ষণ অগ্রসর হওয়া কর্ত্তব্য নয় বুঝিয়া যতন মুকুন্দের হাত ছাড়িয়া দিলেন। প্রহরীগুলা কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া তখনও পর্য্যন্ত তাঁহাকে আক্রমণ করিতেছিল। ব্রাহ্মণ তাহাদিগকে নিরস্ত হইতে বলিলেন।

কথা শেষ করিতে তাহারা ব্রাহ্মণকে অবকাশ দিল না। প্রভুপুত্রকে ছাড়িতে দেখিয়াই, ব্রাহ্মণের চপেটাঘাতের সম্মুখে তাহাদের অস্ত্রের সঙ্গে বিশেষ প্রীতিকর হইবে না বুঝিয়া, তাহারা মুহূর্ত্তের মধ্যে দূরে সরিয়া দাঁড়াইল। মুকুন্দ সাহেবদিগের আশ্রয়গ্রহণের অভিপ্রায়ে সেখান হইতে ছুটিয়া পলাইবার উদ্যোগ করিল। ভয়ে যুবক মৃতবৎ হইয়াছিল। তাহার অঙ্গে শিথিলতা আসিয়াছিল, পদদ্বয় থর থর কাঁপিতেছিল। সুতরাং ইচ্ছাসত্ত্বেও মুকুন্দ এক পদও অগ্রসর হইতে পারিল না। যতন তাহার অবস্থা বুঝিতে পারিলেন। বুঝিয়া আবার তাহাকে ধরিলেন। বলিলেন, "ভয় নাই, আমা হইতে বিন্দুমাত্রও অনিষ্টের আশঙ্কা করিও না। তবে আমি যা বলি, শুন। কি নিমিত্ত তোমার পিতার কাছে চলিয়াছি, তোমাকেই বলিতেছি।"

কথা মুকুন্দের কানে পৌঁছিল না। সে কেবল সাহেব দুইজনের আগমন প্রত্যাশায় তাঁহাদের দিকে চাহিয়া ছিল। তাঁহারাও মুকুন্দকে বিপন্ন বুঝিয়া তাহার দিকে আসিতেছিলেন। যতনের কথা শেষ না হইতে, হার্ব্বি তাঁহার পশ্চাতে আসিয়া উপস্থিত হইয়াছেন। হার্ব্বিকে সমীপস্থ দেখিয়াই, মুকুন্দ পুনরায় চীৎকার করিয়া বলিল, "সাহেব আমাকে রক্ষা কর।" প্রহরিগণ সেলাম করিতে করিতে সরিয়া সাহেবকে পথ দিল। যতনও সাহেবকে দেখিবার জন্য পশ্চাতে ফিরিয়াছেন, অমনি হার্ব্বির বজ্র-মুষ্টি দ্বারা নাসিকা দেশে বিষম প্রহৃত হইলেন, দেখিতে দেখিতে শোণিতস্রোতে বৃদ্ধ ব্রাহ্মণের মুখ প্লাবিত হইয়া গেল। বিষম আঘাতে ব্রাহ্মণ চারিদিক অন্ধকারময় দেখিলেন। নাসিকায় হস্ত দিয়া তন্মুহূর্ত্তেই তাঁহাকে ভূমির আশ্রয় গ্রহণ করিতে হইল।

অবকাশ পাইয়া মুকুন্দ উপর্য্যুপরি ও অবসন্নদেহ ব্রাহ্মণের পৃষ্ঠে দুই চারিটা মুষ্টিপ্রহার করিয়া অপমানের শোধ লইল। প্রহরীগুলাও ব্রাহ্মণকে ধরিয়া ফেলিল। আনন্দবাঁধের অপর পার হইতে অনেক সিপাহীও ইতোমধ্যে সেইস্থানে আসিয়া উপস্থিত হইয়াছে।

হার্ব্বি মুকুন্দকে বৃদ্ধের পরিচয় জিজ্ঞাসা করিলেন। মুকুন্দের উত্তরে বুঝিলেন, বৃদ্ধ পাগল রাজার সঙ্গী। বৃদ্ধ সম্বন্ধে বুঝিতে তখন আর তাঁহার কিছু বাকী রহিল না। ইতোমধ্যে ব্রাউন তথায় উপস্থিত হইলেন। হাসিতে হাসিতে হার্ব্বি, সহচরকে তাঁহার প্রিয় দেবপুত্রের মানসিক বিকারের কথা বিবৃত করিলেন এবং তাঁহাকে 'দেব পুত্রের' দুই একটি কথা শুনাইবার জন্য, ও পাগল রাজার সঙ্গীর পাগলামীর পরিণাম জন্য, এ বিষয়েরও একটা মীমাংসা করিবার জন্য, মধুর আত্মীয়তাজ্ঞাপক বাক্যবিন্যাসে ও মধুরতর পদপ্রহারে বৃদ্ধকে উঠাইবার চেষ্টা করিলেন।

এরূপ সম্ভাষণায় ব্রাউনের প্রীতিকর হইল না। বৃদ্ধ পাগল, এ কথা শুনিয়াও তৎপ্রতি তাঁহার প্রীতির হ্রাস হইল না। ব্রাহ্মণের নাসিকাস্রুত রক্তে প্রায় সর্ব্বাঙ্গ পরিষিক্ত ভূমি সিক্ত হইয়াছে দেখিয়া ব্রাউন দুঃখিত হইলেন। হার্ব্বিকে বলিলেন, "আর কেন বৃদ্ধকে প্রহার কর। বৃদ্ধের যথেষ্ট শাস্তি হইয়াছে।" ব্রাউনের কথায় হার্ব্বি ব্রাহ্মণকে আর প্রহার করিলেন না। তবে মনে মনে স্থির করিলেন, বৃদ্ধের পাগলামীর শাস্তি দিতে হইবে। সিপাহীদের ডাকিলেন, তাহারা নিকটে আসিলে বৃদ্ধকে বাঁধিতে আদেশ করিলেন। বলিলেন, "বৃদ্ধকে বাঁধিয়া কুঠি লইয়া যাও। আমি যখন শীকার করিয়া সদরে ফিরিব, তখন বৃদ্ধের অপরাধের বিচার করিব।"

একজন সিপাহী এ অপদের [illegible] চেষ্টা করিল। অপরের ব্রাহ্মণকে [illegible] আর আপনা আপনির ভিতর [illegible] আরম্ভ করিল। [illegible] ব্রাহ্মণকে বাধা দিতে [illegible] তাহারা কেবল [illegible] ব্রাহ্মণদের উপর [illegible] করিতে লাগিল। [illegible] প্রয়োজন, তাহা কোনমতেই তাহারা [illegible] করিতে পারে নাই। [illegible] হইয়া তাহাদিগকে যে শক্তির [illegible] হইয়াছে।

বাটিন [illegible] বুঝিলেন [illegible] সিপাহীদের [illegible] জিজ্ঞাসা করিলেন,—[illegible]

বাবুজি। [illegible] করিতেছি।

বাটিন। [illegible]

বাবুজি। [illegible] বিচার করিয়া [illegible]

বাটিন। [illegible] না?

বাবুজি। [illegible]

বাটিন। [illegible] তোমাদের [illegible]

কথা [illegible] বাবুজির মুখ [illegible] করিল, আবার [illegible] করিত না। [illegible]

বাটিন। [illegible] ইচ্ছা হয়, তা [illegible] না।

বাবুজি কোন উত্তর দিলেন না। [illegible] অথচ তাঁহার বড়ই বিরক্তি হইল। [illegible] সহচরের উপর তাঁহার ঘৃণা [illegible] ভাবিলেন, এ পুরুষ-বেশী স্ত্রীলোকটি [illegible] কি কার্য হইতে পারে?

বাটিনও আর দাঁড়াইলেন না। এক [illegible] বৃদ্ধের উপর এত অত্যাচার, তাঁহার [illegible] না। ধীরে ধীরে তিনি বাংলোর দিকে ফিরিতে লাগিলেন।

[illegible] অপরাধে [illegible] হইতে [illegible] করিয়াছিল। তিনি [illegible] চেষ্টা করিতেছিলেন। [illegible]

[illegible]

সাহেব রতনকে উঠিতে আদেশ করিলেন। তিনি আপনিই উঠিতেছিলেন, সুতরাং সাহেবের আদেশের আর অপেক্ষা রহিল না। নবাগত সিপাহীদিগের মধ্যে দুই চারিজন তাঁহাকে ধরিল। অপরে লাঠি ধরিয়া ঘেরিয়া রহিল। যে ব্যক্তি দড়ী আনিতে গিয়াছিল, সে-ও ফিরিয়া আসিল।

ব্রাহ্মণ মাথা তুলিয়া দেখিলেন, সম্মুখে অশ্বোরোহিত সাহেব। পার্শ্বে মুকুন্দ, চারিধারে সিপাহী।

একবার ঘাড় ফিরাইয়া তিনি সিপাহীগুলাকে দেখিয়া লইলেন। দুই এক জন পরিচিত সিপাহী মাথা হেঁট করিল। অপরিচিতের মধ্যে কেহ করিল, কেহ করিল না। যে করিল না, সে কেবল লাঠি কাঁধে করিয়া বুক ফুলাইয়া খাড়া হইতে জানে। লাঠি খেলিতে জানে না। যাহারা খেলোয়াড়, তাহারা মাথা তুলিয়া রাখিতে পারিল না। ব্রাহ্মণের প্রখর দৃষ্টিতে তাহারা আপনাদিগকে যথেষ্ট তিরস্কৃত বোধ করিল। দড়ী লইয়া যে বাঁধিতে আসিতেছিল, সে সহসা দাঁড়াইয়া গেল। যাহারা তাঁহাকে ধরিয়াছিল, তাহারা ব্রাহ্মণের চক্ষু দেখে নাই। দেখিলে কি করিত বলা যায় না।

মুকুন্দের কিন্তু বিলম্ব সহিতেছিল না। ব্রাহ্মণকে আবদ্ধ দেখিতে পাইলেই সে নিশ্চিন্ত হয়। দড়ী হাতে লোকটাকে দাঁড়াইতে দেখিয়া তাহাকে সত্বর কার্য্য নিষ্পন্ন করিবার আদেশ করিল। বৃথা বিলম্ব দেখিয়া হার্লি বিরক্ত হইলেন এবং বৃদ্ধকে বন্দী করিবার জন্য রুক্ষস্বরে আদেশ করিলেন। সকলেই ব্যস্তসমস্ত হইয়া বৃদ্ধের বন্ধনকার্য্যে নিযুক্ত হইল।

ব্রাহ্মণ আর একবার সাহেবের মুখপানে চাহিলেন। একটু অবজ্ঞার হাসি হাসিয়া হার্লি বলিলেন,—"বৃদ্ধ পাগল! মুখপানে কি দেখিতেছ? মনে মনে বড়ই রাগ হইতেছে, না?"

রতন। যদিই হয়, তাহাতে আমার কি অপরাধ আছে, সাহেব?

হার্লি। বড়ই ইচ্ছা হইতেছে, আমাকে কোন রকমে শাস্তি দাও।

রতন। এক একবার হইতেছে, এক একবার হইতেছে না।

হার্লি। ইচ্ছা হইলে কি হইবে? আমি ত আর দুর্বল ছাড়ুখোর নই।

রতন। ইচ্ছা হইলে খুবই হয়। এক একবার মনে করিতেছি, বিনাপরাধে প্রহার খাইয়া চুপ করিয়া থাকিব? আবার ভাবিতেছি অদৃষ্ট।

একটা সিপাহী রতনের হাত টানিতে লাগিল, দড়ী দিয়া সে হাত বাঁধিবে। রতন বলিলেন, "ক্ষণেক অপেক্ষা কর।" তথাপি সে হাত টানিতে লাগিল, রতন তাহার হাত ধরিলেন, সিপাহী বুঝিল, অপেক্ষা করাই বুদ্ধিমানের কার্য্য।

রতন বলিতে লাগিলেন,—"ভাবিতেছি, অদৃষ্ট। অদৃষ্টে আমার অপমান ছিল। নতুবা, চলিয়াছি আনন্দদেবের সহিত সাক্ষাৎ করিতে, পথে তোমার মার খাইব কেন?"

হার্লি। আনন্দদেবের সঙ্গে সাক্ষাৎ করিতে, না তাহাকে হত্যা করিতে?

রতন। এই ছোকরা তোমাকে বুঝাইয়াছে বুঝি?

রতন ও সাহেবের দৃষ্টি যুগপৎ মুকুন্দের উপর পড়িল। মুকুন্দের মুখ বিবর্ণ হইয়া গেল। সাহেব বুঝিলেন, মুকুন্দ ভীত হইয়াছে। ব্রাহ্মণ হইতে অনিষ্টের আশঙ্কা করিতেছে। তাহাকে অভয় দিবার জন্য ব্রাহ্মণকে বলিলেন—"যে বুঝাক, তোমাকে ফাঁসি যাইতে হইবে।"

রতন। কেন?

হার্লি। অনন্তপুরে তোমার আর থাকা চলিবে না।

রতন। সে আমিও বুঝিয়াছি। অনন্তপুর ত্যাগ করিব বলিয়াই বাড়ীর বাহির হইয়াছি। যাইবার পূর্ব্বে রাজকুমারীর জন্য দুইটা কথা বলিতে আনন্দদেবের কাছে চলিয়াছিলাম। তার ফল পাইয়াছি। আর বলিতে ইচ্ছা নাই। সাহেব আমাকে ছাড়িয়া দাও, আমি অনন্তপুর ছাড়িয়া চলিয়া যাই।

হার্লি। অমনি ছাড়িতে ইচ্ছা নাই। ফাঁসিতে লইয়া, তোমার সহিত দিন কয়েক আমোদ করিব, তার পর ছাড়িয়া দিব।

রতন বুঝিলেন সাহেব রহস্য করিতেছে। ফাঁসিতে লইয়া শাস্তি দিবে। হয় ত কারাগারে নিক্ষেপ করিবে। বুঝিয়া উত্তর করিলেন, "ফাঁসিতে না লইয়া ছাড়িবে না?"

হার্লি। এমন প্রিয় বস্তুটি পাইয়াছি, কেমন করিয়া ছাড়ি?

রতন। আমি বাঁচিব না।

হামুদি। অবশ্যই বাঁচিতে হইবে।

রতন। এমন [illegible] দেখি নাই, যে মনকে ইচ্ছার বিরুদ্ধে কোন স্থানে লইয়া যায়।

হামুদি। এখনি দেখাইতেছি।

রতন। [illegible] চুরি করিয়া [illegible] ইচ্ছার বিরুদ্ধে কর্ম করান, [illegible] কর্ম নয়।

মুকুন্দের সম্মুখে, সিপাহীদের সম্মুখে [illegible] হামুদি একেবারে অধীর হইয়া [illegible] চুরি [illegible] দুই চারিটি [illegible] কাপ্তেনের [illegible] করিয়া, [illegible] করিলেন।

[illegible] রতনের [illegible] হইল না। [illegible] তাঁহার [illegible] হইয়া উঠিল। [illegible] সিংহের ন্যায় [illegible] করিলেন। [illegible] হইয়া [illegible] করিয়া [illegible]।

হামুদির [illegible] দুই [illegible] করিলেন। [illegible] সিপাহীর [illegible], তিনি [illegible] বোধ করিলেন। মুকুন্দ [illegible] সাহেবের [illegible] আসিয়া [illegible]।

মুকুন্দের [illegible] করিলেন। [illegible] দূরে নিক্ষিপ্ত হইল। [illegible] সাহেব কম্পমান [illegible] হইয়া [illegible] পলায়ন ভিন্ন জীবনরক্ষার অন্য উপায় নাই। [illegible] একজন লোকের সম্মুখে প্রাণ লইয়া পলায়ন তাঁহার ন্যায় শক্তিমান্ পুরুষের অসম্ভব হইয়া উঠিল।

রতনও তাঁহাকে পুনঃ [illegible] দিলেন না, সাহেব [illegible] করিবার পূর্ব্বেই তাঁহাকে ধরিয়া ফেলিলেন। [illegible] তুরস্কপ্রাপিত [illegible]। তাঁহার [illegible] সম্পাদনেরও শক্তি রহিল না।

সাহেবকে মুক্ত দেখিয়া, মুকুন্দ [illegible] পলাইল। পলাইবার [illegible] একজন [illegible] দেখিয়া বলিল, "আমার [illegible] এই বেলা [illegible] দাও। তাঁর প্রাণ বাঁচাও।"

সাহেবকে বিপদে দেখিয়া, সিপাহীরা অনেকে [illegible] করিয়া রতনকে আক্রমণ করিল। তিনি [illegible] তাহাদিগকে নিবৃত্ত হইতে বলিলেন। [illegible] রতন এইবার সাহেব [illegible] করিলেন, আমি [illegible] করিয়াছি। ইহাদের দুই চারি [illegible] পড়িয়াছে। তখন আমাদের [illegible] দিয়া [illegible] তাঁহার ইচ্ছা [illegible]।

[illegible] দিলেন। বলিলেন, [illegible] আশঙ্কা করিও না। আমি [illegible] রাজকুমারীর [illegible] অপেক্ষা কর। [illegible] তুমি [illegible] সাহেবকে পরিত্যাগ করিলেন। [illegible] সাহেবের [illegible] সিপাহীরা [illegible] প্রহার করিবার [illegible] রতন [illegible] বাহিরে [illegible] ছুটিলেন।

[illegible] সাহেবকে পলাইতেছে। [illegible] ছুটিল। সকলেই আসিতে [illegible] সিপাহী। [illegible] দুই চারি জন [illegible] করিয়া, [illegible] স্ত্রী, বালক, বালিকা [illegible] করিয়াছে। আমাদের মধ্যে [illegible] রতনকে দেখিতে পাইয়াছিল [illegible] পারিতেছিল না। [illegible] সিপাহীদিগকে ছুটিতে দেখিয়া তাহারাও [illegible] করিতে ছুটিল।

[illegible] পরিচ্ছেদ

[illegible] পৌঁছিয়াছিল। [illegible] হইয়াছিলেন। এবং সাহেবকে বিপদে দেখিয়া তাঁহার উদ্ধারার্থে ছুটিয়া আসিতেছিলেন।

আসিতে আসিতে দেখিলেন, বৃদ্ধ পলাইতেছে। শুধু তাই নয়, অংশুমানকে তাহার অনুসরণ করিতেছে। তিনি অনুমান করিলেন, বুঝি বৃদ্ধ হারুণিকে হত্যা করিয়াছে। অথবা বিষম আহত করিয়াছে। নতুবা এক লোক বৃদ্ধকে ধরিতে ছুটিবে কেন? বৃদ্ধের বেশভূষাটিও [illegible] হস্তে রক্ষিত হইয়াছিল। সুতরাং রাটিনের সন্দেহের যথেষ্ট কারণ ছিল।

তখনই তিনি হারুণির কাছে ছুটিয়া চলিলেন।—দেখিলেন, অক্ষত দেহে হারুণি দণ্ডায়মান। তিনি বৃদ্ধ কর্তৃক আঘাত সম্বন্ধে প্রশ্ন করিলেন। উত্তর পাইলেন না।

তখন রাটিনের অন্যরূপ ধারণা হইল। তিনি বুঝিলেন, আর কিছু নয়, বৃদ্ধ কোন সুযোগ পাইয়া পলাইতেছে। নিশ্চয়ই হারুণির আদেশে, তাহাকে বন্দী করিতে ছুটিয়াছে। ইহাও বুঝিলেন, সম্ভবতঃ হারুণি বৃদ্ধের কাছে অপমানিত হইয়াছে। তাই কথা কহিল না।

বৃদ্ধের পরিধানে [illegible] কৌপীনী—এইসূত্রেই তিনি আত্মগোপন করিলেন।

হারুণি বৃদ্ধের [illegible] ছিলেন। বৃদ্ধের অত্যাচারের জন্য তাঁহাকে নিযুক্ত করিয়াছিল। শাসনকর্তা বলিয়া হারুণির অন্তরে একটা গৌরব আছে। রাজ্য-শৃঙ্খলা ও শান্তিরক্ষার প্রশংসায় তিনি দেশে অনেকবার পুরস্কার পাইয়াছেন। আর তাঁহার সেই গৌরবেই আঘাত লাগিয়াছে।

হারুণি ভাবিতেছিলেন, এরূপ বৃদ্ধ কি 'পাগল'? যেরূপ বলে বৃদ্ধ তাঁহার হাত ধরিয়াছিল, ইচ্ছা করিলে চক্ষের নিমেষে সে হাতখানি ভাঙ্গিয়া দিতে পারিত, কিন্তু বৃদ্ধ তাঁহার কোনও অনিষ্ট করে নাই। তাহার চক্ষে ক্রোধের সামান্য লক্ষণও দেখিতে পাই নাই। এরূপ বৃদ্ধকে পাগল ভাবিতে হারুণির আর সাহস হইল না। কথোপকথনে বৃদ্ধের মুখে হারুণি যে সব কথা শুনিলেন, তাহাও কি পাগলের কথা?

বিশেষতঃ, মুকুন্দের আচরণে তিনি বড়ই বিরক্ত হইয়াছেন। মুকুন্দকে রক্ষা করিতেই তাঁহার সেখানে আগমন। মুকুন্দের উদ্ধারার্থেই তিনি বৃদ্ধকে প্রহার করিয়াছেন। বৃদ্ধের মুখের একটা কথা শুনিবারও অবকাশ গ্রহণ করেন নাই। সহচরের নিকট অপমান লাঞ্ছনা সমস্তই মুকুন্দের জন্য। সেই মুকুন্দ তাঁহাকে বিপন্ন দেখিয়া পলাইল।

সন্ধ্যা আসিয়া অন্ধকারের স্থান অধিকার করিল। অনুতাপে হারুণির হৃদয় বিদ্ধ হইতে লাগিল। মুকুন্দের উপর তাঁহার ঘৃণা জন্মিল। তাহার কিয়দংশ আনন্দদেবের উপরেও পতিত হইল।

বৃদ্ধের সঙ্গে কথোপকথনে হারুণি বুঝিয়াছেন, রাজকুমারীর কোন অভাব মোচনের জন্য বৃদ্ধ আনন্দদেবের কাছে আবেদন করিতে চলিয়াছিল। সেই জন্যই মুকুন্দের সহিত তাহার সাক্ষাৎ। কিন্তু দৈবদুর্বিপাকে ফল বিপরীত হইয়াছে। বৃদ্ধ আশীর্বাদের পরিবর্তে প্রহার উপহার পাইয়াছে।

চিন্তার আঘাতে হারুণি ক্রমে অস্থির হইয়া পড়িলেন। বৃদ্ধ হইতে আরম্ভ করিয়া—মুকুন্দ, আনন্দ, রাজকুমারী, রাজা, হীরালাল, হীরালালের [illegible] প্রভৃতি শত চিন্তার বিভিন্নমুখী প্রবাহমধ্যে পড়িয়া তাঁহার মস্তিষ্কটা যেন ঘূর্ণিত হইতে লাগিল।

তিনি অল্প দিন মাত্র আসিয়াছেন। যদিও ইতোমধ্যে অনঙ্গপুরের সংবাদ তাঁহার শ্রুতিগোচর হইয়াছে, তথাপি তিনি সমস্ত বিষয়টা ভালরূপ বুঝিতে পারেন নাই। শুনিয়াছেন রাজা নিরুদ্দিষ্ট। সেই জন্য রাজকার্য-ভার তাঁহাদেরই উপর। আনন্দদেব তাঁহাদেরই মনোনীত দেওয়ান।

ইহার পূর্বে দুই একবার তাঁহার অনঙ্গপুরে আসাও হইয়াছে। তিনি আনন্দদেবকে দেখিয়াছেন, তাহার পুত্র মুকুন্দকে দেখিয়াছেন। রাজাকে দেখেন নাই, রাজপরিবারস্থ কাহাকেও দেখেন নাই। রাজবাটী দূর হইতে দেখিয়া চলিয়া গিয়াছেন। ভিতরে প্রবেশ করেন নাই।

রাজা, রাজকুমারী এবং রাজ-সম্পর্কীয় সমস্ত ব্যাপারটা তাঁহার প্রহেলিকাময় বোধ হইল। তিনি চিন্তাবেগে ভাবিতে ভাবিতে আপনাকে একটা স্বপ্নময় মুকুরের সমীপস্থ অনুভব করিলেন। তিনি বৃদ্ধকে দেখিয়াছেন, এখনও ঐ বৃদ্ধ যাহার সহচর, সেই রাজাকেও যেন তিনি দেখিতে পাইলেন। দেখিলেন, সেই মুকুরে দাঁড়াইয়া রাজা, রাণী, রাজকুমারী, রাজ-সহচর—সকলে হাত-ধরাধরি করিয়া তাহাদের ধর্ম, জ্ঞান, সভ্যতা, শিল্পকীর্তি, সত্যপ্রিয়তা—এক একটি ফুটন্ত সৌরভময় ফুল, নিষ্ঠীবনসিক্ত করিয়া, আবর্জনাময় ধরাপৃষ্ঠে নিক্ষেপ করিতেছে।

দূর হইতে তাহার এমন [illegible] চিন্তাস্রোতে বাধা দিল। তিনি [illegible] চাহিয়া দেখিলেন, আজিও সেই [illegible] কি যেন [illegible] দেখিতে [illegible] করিতেছে।

[illegible] দেখিবার কৌতূহল হইল। [illegible] উদ্দেশে [illegible] করিয়া ছুটিলেন।

[illegible] পরিচ্ছেদ

[illegible]

[illegible] উহার প্রতি [illegible] হইয়াছিল, [illegible] এই [illegible] অন্তর্হিত হইয়া [illegible]।

[illegible] দেখিতে পাইয়াছেন। [illegible] এমন সময় তিনি দেখিতে পাইলেন, [illegible] সুন্দরী [illegible]

[illegible] আমার পানে চাহিয়াছিল। [illegible]

ছিলাম, সুতরাং আমার প্রাণটাই আগে যাইবে।" এইরূপ আপন আপন মৃত্যুকল্পনা করিয়া সিপাহীরা চুপ করিয়া রহিল। তৃতীয় বার রতন তাহাদিগকে যুদ্ধে আহ্বান করিলেন। সিপাহীদের মধ্যে একজন সাহস করিয়া অগ্রসর হইল। সে ব্যক্তি রতনের কাছে গিয়া, তাঁহার পায়ের কাছে লাঠি গাছটি রক্ষা করিল এবং তাঁহার পাদবন্দনা করিয়া ক্ষমা চাহিল। বলিল—"গুরুজী, চরণে অপরাধ করিয়াছি।"

রতন এতক্ষণ তাহাকে চিনিতে পারেন নাই। কথা শুনিয়া চিনিলেন। বলিলেন, "সদাশিব!" সদাশিব মাথা হেঁট করিয়া চুপ করিয়া রহিল।

সদাশিব ক্ষত্রিয়-সন্তান। দশ বৎসর পূর্বে, সে রতনের কাছে কুস্তি ও লাঠি-খেলা ও অস্ত্র শিখিয়া [illegible], বন্দুক প্রভৃতি নানা রাজার সৈনিকচাকুরী করিয়া অনেক দিন হইল অনন্তপুরে ফিরিয়াছে।

অনন্তপুরে আসিয়াই সদাশিব রাজ্য-সম্বন্ধে সমস্ত ব্যাপার বুঝিয়াছিল। আনন্দদেব তাহাকে সুবেদারী পদ দিয়াছেন। কোন একটি কাজহানি হইবার ভয়ে, সদাশিব গুরুজীর সহিত দেখা করিতে পারে নাই। সেইজন্য অন্য সিপাহীদের সঙ্গে তাহাকেও গুরুজীর পশ্চাৎ ছুটিতে হইয়াছে। কিন্তু লজ্জায় সে গুরুর সম্মুখে আসিতে পারে নাই; বরাবর পিছনেই ছিল। ব্রাহ্মণের বারংবার আহ্বানে অগত্যা, গুরুজীর পদে প্রণত হইল। অপরাধের জন্য ক্ষমা ভিক্ষা করিল।

গুরুজী কাহারও অপরাধ গ্রহণের লোক নহেন, বিশেষতঃ শিষ্যের। অস্ত্রধারী ব্রাহ্মণ এক একটি শিষ্যকেই পুত্র জ্ঞান করিতেন। তিনি সদাশিবকে আশীর্বাদ করিলেন এবং তাহার সঙ্গীদের অভিপ্রায় জানিতে চাহিলেন।

সদাশিব বলিল, "গুরুজীর সম্মুখে লাঠি ধরে, এমন শক্তিমান তাহাদের মধ্যে কেহ নাই। তবে গুরুজীর অভয় পাইলে তাহারা সকলে মিলিয়া তাঁহার সঙ্গে একবার লাঠি খেলে।"

ঈষৎ হাসিয়া রতন অভয় দিলেন। সদাশিব ফিরিয়া সঙ্গীদের সংবাদ দিল। প্রাণের আশঙ্কা নাই শুনিয়া, সকলেই লাঠি খেলিতে আগ্রহ প্রকাশ করিতে লাগিল। মহোল্লাসে সকলে একটা চীৎকার করিয়া উঠিল। জনসাধারণ বুঝিল,—এইবার লড়াই বাধিয়াছে। সকলেই পলাইবার পথটা ঠিক করিয়া রাখিল। যেমন তেমন দেখিবে, সেই পথে পলাইবে।

এদিকে সিপাহীগণ রতনের আক্রমণ নিবারণের জন্য প্রস্তুত হইয়া দাঁড়াইল। রতন আক্রমণের প্রারম্ভে, একটি ভীষণ হুঙ্কার দিলেন। তার পর প্রতিদ্বন্দ্বী সিপাহীদিগের বিপরীত দিকে কিছুদূর ছুটিয়া গেলেন। আবার বিদ্যুৎবেগে ফিরিলেন। তার পর এক ভীষণ হুঙ্কার করিয়া 'হর-হর' শব্দে ভীষণ দর্পে জনতার মধ্যে পড়িলেন। লাঠির ঠকাঠক শব্দে [illegible] ভরিয়া গেল।

ব্রাউন ইটের-স্তূপ হইতে এই অদ্ভুত দৃশ্য দেখিতেছিলেন এবং খুব আনন্দে হাততালি দিতেছিলেন।

[illegible]ও ব্যাপারটি দেখিবার প্রলোভন পরিত্যাগ করিলেন না। অল্পক্ষণ পরে তিনিও সেই পাঁজার উপর উঠিলেন। উঠিয়া যাহা দেখিলেন, তাহা তাঁহার জীবনে ভুলিবার নয়। চারিদিকে দেখিলেন, এক দিকে একা বৃদ্ধ—অন্যদিকে শতাধিক প্রহরী লাঠি লইয়া যুদ্ধ করিতেছে। আর দেখিলেন, ক্ষিপ্রকারিতায় ও প্রহেলিকাময় রণকৌশলে সেই বৃদ্ধ যেন নব-যৌবনবলে শতস্থানে যুগপৎ আবির্ভূত হইতেছেন।

দেখিতে দেখিতে সেই শতাধিক প্রহরী পরাস্ত হইয়া রণে ভঙ্গ দিল এবং সকলে নতজানু হইয়া বৃদ্ধকে অভিবাদন করিল। জনসাধারণ ব্যাপারটা কি তাহা বুঝিতে পারিতেছিল না; তাহারা লাঠালাঠির ব্যাপার দেখিয়া, আগে হইতেই পলায়ন আরম্ভ করিয়াছিল। এক্ষণে প্রহরীরাও ফিরিতে আরম্ভ করিল।

যুদ্ধে কেহই আহত হয় নাই। যে দু'এক জন লোক নেহাৎই প্রাণপণে ব্রাহ্মণের সঙ্গে লড়িয়াছিল, তাহারাই স্থানে স্থানে সামান্য আঘাত পাইয়াছিল। আঘাত পাইয়াই তাহারা বুঝিয়াছিল, ব্রাহ্মণ দয়া করিয়া তাহাদিগকে হত্যা করেন নাই। ব্রাহ্মণের অঙ্গে কেহই কিন্তু যষ্টি-স্পর্শ করাইতে পারে নাই।

অল্পক্ষণ মধ্যেই, প্রান্তর জনশূন্য। ব্রাউন ব্রাহ্মণকেও আর দেখিতে পাইলেন না। তখন ধীরে ধীরে পাঁজা হইতে নামিতে লাগিলেন। নামিবার সময় চারিদিকে দেখিলেন,—একজন

বেরিয়ে [illegible] নাই। [illegible] কথা কহিলেন না। [illegible] বুদ্ধ [illegible] গেলেন। [illegible] দিকে সেই [illegible] মূর্ত্তিটি [illegible] বিকশিত হইয়াছিল, বুদ্ধ [illegible] দিকে চলিলেন।

আবার তাঁহার চক্ষে [illegible] উঠিয়াছে। [illegible] তাঁহার [illegible] যে, সেরূপ [illegible] অলৌকিক শক্তির অধিকারী বুদ্ধ [illegible] হইতে পারে না।

চতুর্দ্দশ পরিচ্ছেদ

[illegible] তিনি তাঁহার উপর [illegible] হইতে পারিলেন না। [illegible] বুদ্ধ [illegible] অধিকার [illegible] উপর [illegible] তাঁহার [illegible] হয়।

[illegible] বুদ্ধ [illegible] তিনি বুদ্ধের [illegible] পড়িল।

[illegible] চলিয়াছেন।

[illegible] উপস্থিত হইল, বুদ্ধের [illegible] বুদ্ধদেবের [illegible] হইল। [illegible] কথাটি বুঝিয়া [illegible]

[illegible] ভাবিলেন, [illegible] হইল, [illegible] বুদ্ধের কাছে কথা [illegible]

দেখিতে দেখিতে [illegible] বেলাইতে [illegible] তাঁহার [illegible] কাছে কথা [illegible] বুদ্ধ [illegible] আমাদের [illegible]

[illegible] ভাবেন [illegible] থাকিলে [illegible] করিবে [illegible] বুদ্ধ [illegible] কিছু [illegible] বুদ্ধ [illegible] হইবে [illegible]

[illegible]

গর্ব্বিনী বলিল, "সাহেব, আমি [illegible] এবং সম্রাট [illegible] আমার [illegible]"

[illegible] বলে [illegible]

সদা। ফিরিবার সম্ভাবনা অতি অল্প। তোমাকে জানাইবার জন্য, তিনি আমাকে পাঠাইয়াছেন।

চারুশি। প্রয়োজনটা কি ছিল, জানিতে পারি কি?

সদা। বলিতে পারি। কিন্তু তাহাতে আবার অনিষ্ট হইবে।

চারুশি। অনিষ্ট?—কে করিবে? তুমি আমা হইতে অনিষ্টের কোনও আশঙ্কা করিও না।

সদা। তোমা হইতে অনিষ্ট না হইতে পারে,—কিন্তু আনন্দদেব জানিতে পারিলে, অনিষ্ট হইবে—আমার চাকরী যাইবে।

সাহেব অভয় দিলেন। সদাশিব বলিতে লাগিল। বৃদ্ধকুমারী নলিনীর অভাবে বড় পাইয়াছেন। তাঁহার অভাব দূর করিবার ইচ্ছায় তাহার আনন্দদেবের কাছে আবেদন করিতে যাইতেছিলেন। অবশ্য আবেদনের উদ্দেশ্যেই ব্রাহ্মণ যে ধন পাইয়াছেন, তাহা ত সাহেবেরও অবিদিত নাই। যাই হোক, সে ধন সাহেবকেও জানাইতে তাঁর ইচ্ছা ছিল। কিন্তু একটি সঙ্গিনী মিলিয়াছে বলিয়া, তাঁহার আর আসিবার প্রয়োজন হইল না।

চারুশি। আগে কি সঙ্গিনী ছিল?

সদা। আগে সবই ত ছিল সাহেব। তবু কি সঙ্গিনী?—রূপ গুণে যুবতী রাজকন্যার প্রতিপালিত হইয়াছে।

চারুশি। এখন?

সদা। আনন্দদেব সব দূর করিয়া দিয়াছে। যে দুই একজন আছে, তাহাতে রাজা ও রাণীর সম্যক পরিচর্য্যা হয় না।

চারুশি। সঙ্গিনী রাখিবে,—তার খরচ যোগাইবে কে?

সদা। সঙ্গিনী আমার স্ত্রী। তাহার জন্য খরচ লাগিবে না। তাহার পিতার যথেষ্ট অর্থ আছে। তবে আনন্দদেবের অধীনে চাকরী করি। যদি কেহ এ কথা জানিতে পারে, আমার চাকরীটি যাইবে।

চারুশি। ভয় নাই। আমা হইতে এ কথা প্রকাশ পাইবে না। তবে স্বামী-স্ত্রীর সম্বন্ধ;—তোমরা কেমন করিয়া এ সম্বন্ধ গোপন রাখিবে?

সদা। অন্তঃপুরে থাকিতে আমাদের পরস্পরের সাক্ষাৎ হইবে না।

বিস্মিত হইয়া চারুশি সদাশিবের মুখের পানে চাহিলেন। দেখিলেন, সুন্দর যুবক স্থিরনেত্রে তাঁহার পানে চাহিয়া আছে। তাহার কথায় তিনি অবিশ্বাস করিতে পারিলেন না। বুঝিলেন, যুবক সম্বন্ধে সকলই অবোধগম্য।

সদাশিব সাহেবকে সেলাম করিয়া প্রস্থান করিল। চারুশি আনন্দদেবের কাছে চলিলেন।

পঞ্চদশ পরিচ্ছেদ

সিপাহীগণ ও জনতা যে সময় প্রান্তর ছাড়িয়া চলিয়া গেল, তখন বরুণ রেজিমেণ্ট গমন করিতে সাহেবের কাছে ফিরিবার ইচ্ছা করিলেন। কিন্তু অতিরিক্ত পরিশ্রমে ও অত্যধিক রক্তস্রাবে তিনি অত্যন্ত ক্লান্ত হইয়াছিলেন। কিছুক্ষণের জন্য তাঁহার বিশ্রামের প্রয়োজন হইল। তিনি বৃক্ষতলে উপবিষ্ট হইলেন।

সূর্য্যের আলোকরশ্মি তখন ভূমি স্পর্শ করিয়া, রক্তবর্ণ ধরিয়া দূরস্থিত বন প্রদেশে পরিপুষ্ট, শুধু একটি অগ্নের আকারে ধারণ করিয়াছিল। তাহাদের অন্তরালে বসিয়া, বরুণ গভীরের দৃষ্টিপথের বাহিরে পড়িয়াছিলেন।

বসিয়া ব্রাহ্মণ নারায়ণীর কথা ভাবিতে লাগিলেন। কথা সত্য, ব্রাউন দূর হইতে যে বালিকাকে দেখিয়াছিলেন, সে নারায়ণী। নারায়ণীই আজ বরুণের মর্য্যাদা রক্ষা করিয়াছে। নিজের প্রতিশ্রুতি পালিতে পদমাত্র বিলম্ব হইলে, আবার তাঁহাকে লাঞ্ছিত হইতে হইত।

কিন্তু কেমন করিয়া কোন্ পথ দিয়া নারায়ণী আসিল? কে তাহাকে সংবাদ দিল? আসিল ত এত শীঘ্র ফিরিল কেন?

বরুণের বহু সময় হইল, পূর্ব্বোক্ত প্রশ্নগুলার মীমাংসা করিবেন। কিন্তু নারায়ণী আসিল না। বটবৃক্ষের পাশ দিয়া ব্রাউন যাইতেছিলেন। বরুণ দেখিলেন, কিন্তু দেখা দিলেন না। কিয়ৎক্ষণ অন্বেষণ করিতে করিতে ব্রাউন সুবর্ণরেখার দিকে চলিয়া গেলেন।

[illegible] হইতে [illegible] [illegible] [illegible]— "[illegible]।"

রতন দুই [illegible] এবং [illegible] [illegible] দেখিয়া জিজ্ঞাসা করিলেন—"[illegible] [illegible] সাহেবকে দেখিয়াছ?"

সদা। কোন সাহেব? [illegible] [illegible]

[illegible] [illegible]

[illegible] [illegible]

[illegible] [illegible]

[illegible]

তবোচিত্ত [illegible] [illegible] নারায়ণীকে জিজ্ঞাসা [illegible] [illegible] কথা [illegible] করিল। রতন [illegible] বিরক্ত করিলেন। [illegible] অপেক্ষায় [illegible] [illegible] করিয়াছে [illegible] মুকুন্দকে উঠিতে দেখিয়া জিজ্ঞাসা করিল—"[illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

ব্রাহ্মণ আর ফিরিলেন না। নদাশিবের চক্ষু অল্পক্ষণ পরেই ব্রাহ্মণের পবিত্র মূর্ত্তির দর্শনসুখ হইতে বঞ্চিত হইল।

সাহেবদের বাড়ী রাত্রে যাওয়া হইল না। ব্রাউন এদিক ওদিক ঘুরিয়া বাংলোয় ফিরিলেন। ব্রাহ্মণকে আর দেখিতে পাইলেন না, বালিকারও দেখা মিলিল না।

অল্পক্ষণ পরে হাবুলিও ফিরিয়া আসিলেন। আনন্দদেবের সঙ্গে তাঁহার দেখা হইয়াছিল মাত্র—কোনও কথা হয় নাই। পালঙ্কের তলায় পড়িয়া শারীরিক যন্ত্রণায় ও প্রাণভয়ে দেওয়ান একরূপ অজ্ঞানই হইয়া পড়েন। ভৃত্যেরা আসিয়া তাঁহাকে উদ্ধার করিলেও সম্পূর্ণ প্রকৃতিস্থ হইতে তাঁহার অনেক সময় অতিবাহিত হয়। হাবুলি তাঁহাকে প্রশ্ন করিয়া যথাযথ উত্তর পাইলেন না। অগত্যা তাঁহাকে ফিরিয়া আসিতে হইল। তবে আসিবার সময় আদেশ করিলেন, যেন পিতা ও পুত্রে তাঁহার সহিত বাংলোয় সাক্ষাৎ করে।

বাংলোয় ব্রাউনের সহিত হাবুলির পুনঃ সাক্ষাৎ হইল। অপরাধ স্বীকার করিয়া তিনি সহচরের কাছে ক্ষমা প্রার্থনা করিলেন। দুই বন্ধুতে আবার সদ্ভাব স্থাপিত হইল।

বীরচন্দ্র সম্বন্ধে যতদূর জানা ছিল, সমস্ত ব্রাউনকে বলিয়া, হাবুলি রাজার উপকারে প্রতিশ্রুত হইলেন। বলিলেন, "যেমন করিয়া পারি, রাজ-পরিবারের কষ্টের লাঘব করিব।"

অপরাহ্ণে ব্রাউন ভ্রমণে বহির্গত হইলেন। বালিকার পুনর্দর্শনের আশা তখনও তিনি ত্যাগ করিতে পারেন নাই। হাবুলি আনন্দদেবের আগমন প্রত্যাশায় বাংলোতেই বসিয়া রহিলেন।

তখন বসন্তের শেষ—বসন্তের পূর্ণ যৌবন। বাগবাটিকাসংলগ্ন উদ্যানের বৃক্ষসকল নবপল্লব-শোভিত। আম্রবৃক্ষের কতকগুলি মুকুলিত, কতকগুলি নবোদ্গত কিশলয় সমাচ্ছন্ন।

নদীতীরস্থিত বৃক্ষশাখা ঈষৎ ঈষৎ দুলিতেছিল। সূর্য্যের কিরণ পল্লবে পল্লবে প্রতিফলিত হইতেছিল। উদ্যানটি দূর হইতে নবপল্লব-তরঙ্গতাড়িত প্রবাল-দ্বীপের ন্যায় শোভা পাইতেছিল।

দেখিতে দেখিতে ব্রাউন অগ্রসর হইতেছিলেন। একটি অজ্ঞাত উদ্যান-লতার অভাবে সে সৌন্দর্য্য তাঁহার চক্ষে যেন অসম্পূর্ণ বোধ হইতেছিল। চলিতে চলিতে তিনি সুবর্ণরেখার তীরে উপস্থিত হইলেন। তাঁহার বামে কিছু দূরে রতনের কুটীর। আরও কিছুদূরে বীরচন্দ্রের প্রাসাদ। দক্ষিণভাগে সুবর্ণরেখা বক্রগতিতে অরণ্যের মধ্যে প্রবেশ করিয়াছে।

প্রাসাদটি দেখিতে ব্রাউনের ইচ্ছা হইল। কিয়দ্দূর অগ্রসর হইয়া তিনি বুঝিলেন, সে দিকে প্রাসাদ-প্রবেশের দ্বার নাই। কোন্ দিকে যে দ্বার, তাহাও তিনি বুঝিতে পারিলেন না। প্রাসাদ-প্রাচীরে সুবর্ণরেখার জল স্পর্শ করিয়াছিল। ব্রাউন দেখিলেন, একটি হরিণ জলের উপর হাঁটিয়া প্রাচীরের অপর দিক হইতে এ দিকে আসিল। তিনি বুঝিলেন, নদীতে অতি অল্প জল। প্রাচীর-প্রান্ত দিয়া জলের উপর হাঁটিয়াই পার হওয়া যায়।

পার হওয়াই তিনি যুক্তিযুক্ত বিবেচনা করিলেন। প্রাচীরে হাত রাখিয়া ধীরে ধীরে তীর হইতে অবরোহণ করিতে লাগিলেন। হরিণটা তাঁহাকে দেখিয়া আবার একলাফে প্রাচীর-পারে অদৃশ্য হইল।

ব্রাউন জলে নামিলেন। হাঁটু পর্য্যন্ত জল হইল। এইখানে প্রাচীরের শেষ। তিনি ভিতরে প্রবেশ করিলেন। সে স্থানটি বীরচন্দ্রের অন্তঃপুরসংলগ্ন ঘাট। একটি অনতি-বৃহৎ দ্বার হইতে আরম্ভ করিয়া শ্বেতপ্রস্তরের সোপানাবলী নদীতলে প্রোথিত হইয়াছে। অন্তঃপুরচারিণীরা সেই ঘাটে স্নানাদি কার্য্য নির্ব্বাহ করিতেন। পুরুষমাত্রেরই সে স্থানে প্রবেশাধিকার ছিল না। ব্রাউন এ দেশের আচার-ব্যবহারে সম্পূর্ণ অপরিচিত; তথাপি তিনি বুঝিতে পারিলেন যে, এখানে আসা তাঁহার অনধিকার-প্রবেশ হইয়াছে।

দ্বার বন্ধ ছিল। সেখানে জন-প্রাণীর অস্তিত্ব-চিহ্ন ছিল না। পুরী নিস্তব্ধ। কেহ দেখিবার পূর্ব্বেই তিনি স্থান পরিত্যাগ করিবেন স্থির করিলেন। ফিরিবার পূর্ব্বে সেই স্থান হইতেই তিনি একবার চারিদিকে দেখিয়া লইলেন; বুঝিলেন, স্থানটি পূর্ব্বে অতি মনোরম ছিল; এখন যত্নের অভাবে তাহার পূর্ব্বশ্রী ধীরে ধীরে লোপ পাইতেছে।

ব্রাউন ফিরিতেছেন, এমন সময়ে দ্বারের কপাটে শব্দ হইল। তিনি বুঝিলেন, ভিতর হইতে কে

...র খুলিতেছে। মুহূর্তমধ্যে তিনি প্রাচীর-পার্শ্বে স্বস্থানে ফিরিয়া আসিলেন।

নারায়ণী ঘর খুলিতেছিল। সে সমস্ত দিন তাহার প্রিয় হরিণটির সংবাদ লইতে পারে নাই। বালিকা সমস্ত দিনটা অতি অস্বস্তিতেই যাপন করিয়াছিল। বাবার অসময়ে দর্শনে, অবশেষে তাহার বিচ্ছেদে সে মর্মাহত হইয়াছিল। সমস্ত দিন সে ব্রাহ্মণের বিষয়ই ভাবিয়াছিল। হরিণের চিন্তা করিবার অবসর পায় নাই। রাজা ও রাণী তাহারই মত মর্মপীড়ায় দিনযাপন করিয়াছেন। হরিণের কথা কাহারও মনে ছিল না।

এখন মনে পড়িয়াছে, তাই নারায়ণী ব্যস্ত হইয়া হরিণটিকে খুঁজিতে আসিয়াছে। [illegible] নারায়ণী ডাকিল, "পারী!"

পারী কোথায় ছিল, ছুটিয়া আসিল। এক বৎসর পূর্বে পারীর সহিত [illegible] হইয়াছে। এই এক বৎসরে সে [illegible] হইয়াছে। সমস্ত দিবসের পর নারায়ণীকে দেখিয়া পারীর আনন্দ উথলিয়া উঠিয়াছে। সে নারায়ণীর সম্মুখে আসিয়া নৃত্য আরম্ভ করিল। নারায়ণী দুই হাতে পারীকে ধরিয়া তাহার মুখের কাছে তুলিয়া ধরিল। পারী আহ্লাদে [illegible] হইয়া তাহার সঙ্গে কথা আরম্ভ করিল। [illegible] মুখের কথা শুনিতে পারী এখন বালিকার একান্ত সঙ্গী।

"পারী" কথা ব্রাউনের কানে গেল। কি মধুর কোমল ঝঙ্কার! [illegible] সে মধুর কণ্ঠস্বর, অপর পারের [illegible] যেন খেলিয়া বেড়াইতে লাগিল।

ব্রাউন প্রাচীর-পার্শ্বে অনেক উপর [illegible] ফিরিতেও পারেন না, অগ্রসর হইয়া দেখিতেও পারেন না। ফিরাইতে শক্তি নাই, অগ্রসর হইয়া দেখিতেও সাহস নাই। চুরি করিয়া দেখা অসভ্যতা। ব্রাউন বড়ই বিপন্ন হইলেন। দেখিলে [illegible] কথা। ফিরিয়া আসাই কর্তব্য বোধ করিয়া, তিনি উপরে উঠিতে লাগিলেন।

আবার কণ্ঠস্বর! এবারে সুধার স্রোত ছুটিল। যুবক তাহাতে নিমগ্ন হইলেন। তাঁহার কর্তব্যজ্ঞান ভাসিয়া গেল। সুধার প্রস্রবিনীটিকে দেখিতে তাঁহার বড়ই ইচ্ছা হইল। তিনি ভাবিলেন, চুরি করিয়া দেখিয়া চলিয়া যাই।

অতি ধীরে ব্রাউন অগ্রে পদবিক্ষেপ করিলেন, পাছে অনেক শব্দে কথার স্রোত বন্ধ হয়।

নারায়ণী পারীর সঙ্গে কত কথাই বলিতেছিল। "বাবা আজ হইতেও তোমাকে অনেক আদর করিত, আমিও [illegible] করিত। আমাকে মাঝে মাঝে তিরস্কার করিত, কিন্তু তোমাকে করিত না। বাবা [illegible] চলিয়া গিয়াছে,—[illegible] গিয়াছে, আর তুমি আসিবে না। [illegible] আর তোমাকে আদরের [illegible]"—এইরূপ নানা দুঃখের কথা পারীটিকে শুনাইতেছিল। ধীরে ধীরে মুখ বাড়াইয়া ব্রাউন এই ছবিটি দেখিতে পাইলেন।

বালিকার [illegible] দেহযষ্টি—দুই হাতে ধরা পারী—সম্মুখে মুখ তুলিয়া, চোখের পানে চাহিয়া, চোখে চোখে অশ্রু মুছিতে [illegible] করিয়া—চারিদিক বেষ্টিত—নিবিড়, উজ্জ্বল, [illegible] অকৃত্রিম [illegible],—কি সুন্দর ছবি! [illegible]—সুবর্ণময়ী প্রকৃতির উপহার চারিদিক হইতে আসিয়া বালিকার দেহখানি ঘেরিয়া দিয়াছে।

একদৃষ্টে ব্রাউন নারায়ণীর মুখ দেখিতে লাগিলেন। হরিণের সঙ্গে কথা কহিতে কহিতে বালিকার মধুর কণ্ঠস্বর দুঃখগত আবেগরাশির সঙ্গে সঙ্গে [illegible] উঠিতেছিল।

ব্রাউন এরূপ মূর্তিও কখন দেখেন নাই, এরূপ কণ্ঠও কখন শুনেন নাই। তিনি এ দেশের ভাষা জানিতেন না, সুতরাং নারায়ণীর কথার এক বর্ণও বুঝিতে পারিতেছিলেন না। বুঝিতে পারিতেছিলেন না বলিয়া সে স্বর তাঁহার পক্ষে বড়ই মধুর লাগিতেছিল—[illegible] সঙ্গীতের [illegible] তাঁহার কর্ণে ধ্বনিত হইতেছিল।

[illegible], "[illegible]" সুনীলজল [illegible] সরোবরের তীরে বসিয়া কত দিন তিনি [illegible] সন্ধ্যার [illegible] দেখিয়াছেন। [illegible] হইতে [illegible] 'ভাতীয়' [illegible] কত দিন নিজের মন [illegible] করিয়াছেন; কিন্তু এমন সন্ধ্যাও কখন দেখেন নাই, এমন মূর্তিও কখন পান নাই।

সূর্য অস্ত যাইবার পূর্বে নারায়ণীর মুখে একবার কিরণ মাখাইয়া দিল। সোনার [illegible]

সমস্তক্ষণ শোভা ধারণ করিল। আত্মহারা যুবক বলিয়া উঠিল, "আহা! কি দেখিলাম!"

ব্রাউন সপ্তাহ বিবাহের উপরাধিকারী—রূপবান্, অপরাপ যুবক। এরূপ পাত্রে আত্মসমর্পণ করিতে পারিলে বিলাতের বহু সুন্দরী আপনাদিগকে ভাগ্যবতী বিবেচনা করিতেন। বিলাতে ব্রাউনের বহু সুন্দরীর দর্শনলাভ ঘটিয়াছিল। স্বদেশে তিনি অনেক কামিনীকে সজ্জাকরণে সুন্দর মুখশ্রী রঞ্জিত করিতে দেখিয়াছেন; কিন্তু রুচির কাঞ্চন-গৌরী অরুণকিরণে প্রতিফলিত হইলে কিরূপ দেখায়, তাহা তিনি স্বপ্নেও কখন অনুভব করেন নাই। নারায়ণীর সৌন্দর্য্য ও চিত্রলিখিতবৎ অবস্থানদেহ ব্রাউনের আত্মজ্ঞান বিলুপ্ত করিয়াছিল। মুগ্ধ যুবক বলিয়া উঠিল, "আহা, কি দেখিলাম!"

অকস্মাৎ কিছুক্ষণ দূরে খুব শুনিয়া নারায়ণী চমকিয়া উঠিল; প্রাচীরের দিকে মুখ ফিরাইয়া যেমন ব্রাউনকে দেখিল, অমনই বালিকা সভয়ে চীৎকার করিয়া উঠিল। হাত হইতে থালা পড়িয়া গেল। পলাইবার জন্য যেমন ঘরের দিকে ছুটিবে, অমনই ঘরের চৌকাঠে মাথা ঠেকিয়া "মা" বলিয়া মূর্চ্ছিত হইয়া পড়িল। "ভয় নাই, ভয় নাই" বলিয়া, কারণ নির্দ্ধারণের জন্য অন্তঃপুর হইতে রাণী ছুটিয়া আসিলেন। আসিয়া দেখিলেন, প্রাণপ্রতিমা নারায়ণী বিলুণ্ঠিতদেহে মূর্চ্ছিতা। রাণী কাঁদিয়া ফেলিলেন। নাতিনীকে বুকে তুলিয়া ডাকিলেন, "দিদি, আমার!" উত্তর পাইলেন না। তখন কোলে তুলিয়া, রাজাকে ডাকিতে ডাকিতে গৃহমধ্যে প্রবিষ্ট হইলেন।

হতবুদ্ধি ব্রাউন কোথায় গেল, সে স্থান হইতে অন্তর্হিত হইলেন। বালিকার কি ঘটিল—দুর্ভাগ্য কি ঘটিল, জানিতে তাঁহার সাহসে কুলাইল না।

নারায়ণীর চীৎকার শুনিয়া রাজাও ছুটিয়া আসিতেছিলেন। আসনে থাকিতে উপর হইতে তিনি দেখিলেন, এক জন সাহেব দুর্দ্দমনীয় ভাব ধরিয়া ছুটিয়া চলিয়াছে। ইতোমধ্যে রাণী নারায়ণীকে কোলে লইয়া তাঁহার সম্মুখে উপস্থিত হইলেন। নারায়ণী তখনও মূর্চ্ছিতা। রাজা জিজ্ঞাসা করিলেন—"হইল কি?" রাণী নারায়ণীর মূর্চ্ছার কথামাত্র জ্ঞাপন করিলেন। কারণ জানেন না, সাহেবকে তিনি দেখেন নাই, কাজেই আর কিছুই বলিতে পারিলেন না।

পলায়নপর সাহেবকে দেখিয়া রাজা বুঝিতে পারিয়াছিলেন, নারায়ণীর মূর্চ্ছার কারণ কি। তিনি ভাবিলেন, এ কি অত্যাচার! আর কোন্ কাপুরুষই বা এ অত্যাচার নীরবে সহ্য করিতে পারে? প্রভাতে ব্রাহ্মণের অপমানে তিনি আপনাকেই অপমানিত মনে করিয়াছিলেন। ব্রাহ্মণের অঙ্গে প্রহারযন্ত্রণা তাঁহার শরীরে বিষের জ্বালা উৎপন্ন করিয়াছিল। এখন আবার এ কি? তাঁহারই পৌত্রীর উপর অত্যাচারের উদ্যোগ! বৃদ্ধ রাজার অবসাদময় শিথিল ধমনীতে উষ্ণ রক্তের স্রোত ছুটিল। একবার ভাবিলেন, ছুটিয়া গিয়া এই মুহূর্ত্তেই এই বিষম অপমানের শোধ লই, কিন্তু ব্রাউন তখন বহুদূরে, দেখিতে দেখিতে দৃষ্টিপথের অন্তরালে। ক্রুদ্ধ বিষধর সর্পের ন্যায় রাজা অন্তরে অন্তরে দগ্ধ হইতে লাগিলেন।

পিতামহীর ক্রোড়ে থাকিতেই নারায়ণীর সংজ্ঞা ফিরিল। রাণী তাহাকে ভয়ের কারণ জিজ্ঞাসা করিলেন। রাজা নিষেধ করিলেন, বলিলেন, "কারণ আমার কাছে শুনিও; বালিকাকে প্রশ্নে পীড়িত করিও না—গৃহে লইয়া শুশ্রূষা কর। আর সতর্ক থাকিও, নারায়ণীকে কখন একা গৃহের বাহিরে যাইতে দিও না।"

ষোড়শ পরিচ্ছেদ

সমস্ত রাত্রি ব্রাউনের নিদ্রা হইল না। নীচ কৌতূহলের বশবর্ত্তী হইয়া তিনি যে কার্য্য করিয়াছেন, মনকে অশেষ প্রবোধ দিয়াও তিনি সে কার্য্যের সমর্থন করিতে পারিলেন না। অনুতাপে তাঁহার হৃদয় দগ্ধ হইতে লাগিল। বালিকা কোনও অনিষ্ট ঘটিল কি না, জানিবার উপায় নাই। দেশীয় ভাষায় অনভিজ্ঞ তিনি, কাহাকে কি বলিবেন? কেমন করিয়া নিজের নির্দ্দোষিতা প্রতিপন্ন করিবেন? কেই বা তাঁহার কথায় বিশ্বাস করিবে? সকলের কাছে মনোভাব প্রকাশ করিতে তাঁহার সাহস হইল না। প্রকাশে কোনও ফল নাই; পরন্তু নিরপরাধ হইয়াও অপরাধী ভাবিয়া কাছে তাঁহাকে মাথা হেঁট করিয়া থাকিতে হইবে। অনুতাপ-দগ্ধ যুবক সমস্ত রাত্রি অনিদ্রায় যাপন

ঋষি রাজার এই প্রশ্নে যে উত্তর করিয়াছিলেন, তাহা সমস্ত বলিলে তোমাদের পক্ষে বুঝা কঠিন হইবে। শুধু তোমাদের কেন, আমাদের দেশে এখন কয়জনই বা এমন জ্ঞানী আছেন যে, ঋষিগণের পবিত্র উপদেশ বুঝিতে পারেন ? বুঝিতে পারিলে আমাদের এত দুর্দ্দশাই বা হইবে কেন ? কেহ বুঝিতে পারেন না, কেহ বা বুঝিতে চেষ্টা করেন না। ফলে, প্রায় সকলেই ঋষিবাক্যে অবিশ্বাস করিয়া নিশ্চিন্ত হন। সুতরাং ঋষি যাহা বলিয়াছিলেন, আমি তোমাদের তাহার সামান্য ভাবার্থ শুনাইব।

ঋষি বলিলেন—"তোমাদের জ্ঞান আছে, এ কথা কে বলিল ?"

রাজা বলিলেন—"কেন প্রভু, আমাদের মন যে বলিতেছে।"

ঋষি বলিলেন—"মহারাজ ! তোমাদের যে জ্ঞান, এ জ্ঞান পশুপক্ষীতেও আছে। তবে তোমরা যদি জ্ঞানী হও, তা' হ'লে তাহারাই বা জ্ঞানী হইবে না কেন ?"

"এ কি কথা ! ঋষির মতে পশু ও আমরা সমান হইলাম ! কথাটা ত বড় কঠিন হইয়া দাঁড়াইল। অথচ পূর্ব্বেই বলিয়াছি, ঋষিরা ভুলেও মিথ্যা কহিতে জানিতেন না ! তবে আমরা এতকাল যে জ্ঞানের অহঙ্কার করিয়া আসিতেছি, সেটা কি জ্ঞানই নয় ? মুনিবর যেমন রাজাকে বলিতে লাগিলেন—"মনুষ্যগণ জ্ঞানী, ইহা সত্য বটে ; কিন্তু কেবল তাহারাই যে জ্ঞানী, এমন নয় ; পশু, পক্ষী, মৃগ প্রভৃতি সকলেরই জ্ঞান আছে। ইহাকেই সাধারণ জ্ঞান বলে। ইহা মানুষেরও যেরূপ, ইতর প্রাণিগণেরও সেইরূপ। মা যেমন ক্ষুধায় কাতর হইলেও ক্ষুধার্ত্ত সন্তানের মুখে আহার না দিয়া নিজে আহার করেন না, পক্ষিগণও সেইরূপ করিয়া থাকে। সামান্য জ্ঞানসত্ত্বেও ইহারা শাবকদের প্রতি কেমন মমতা দেখায় দেখ। নিজে ক্ষুধায় কাতর তথাপি শাবকের চঞ্চুতে নিজের মুখের আহার তুলিয়া দিতে ব্যগ্র হইয়া থাকে। আমরা যেমন সন্তানকে পালন করিতেছি ; আমাদের বৃদ্ধ বয়সে যখন আমরা অশক্ত হইব, তখন সন্তানগণও আমাদিগকে এইভাবে পালন করিবে, এই আশাতেই না লোকে পুত্রগণের প্রতি মমতা দেখাইয়া থাকে, ইহা দেখিতে পাও নি ?"

অনেকেই হয় ত বলিবেন—"এ কি কথা ? কবে পুত্র আমাদের ভরণ-পোষণ করিবে, অশক্ত দেখিয়া সেবা করিবে, এই আশাতেই কি আমরা প্রাণপাত করিয়া পুত্রকন্যাদের পালন করিতেছি ?" অনেক মা হয় ত বলিবেন—"আমার গোপাল আবার বাঁচিবে ? বাঁচিয়া আমার সেবা করিবে ? সে

বাঁচিয়া সুখে থাক; আমি দেখিয়া মরি। তাহার সেবায় আমার কাজ নাই; আমি সেবা করিতে হয়, করিয়া যাই। তবে আমি সুরথ রাজাকে যে কথা বলিলেন, এ কথা কেমন করিয়া বিশ্বাস করিব?"

আমাদের অল্প জ্ঞান, আমরাই বা কেমন করিয়া ইহার উত্তর দিব? ইহার উত্তরে আমি এইমাত্র বলিতে পারি, নিজে নিজেকে জিজ্ঞাসা করিলেই এই প্রশ্নের উত্তর মিলিবে। এ উত্তর গুরুকর্তা দিলে যেমন দিতে পারিবেন, অন্যে সেরূপ পারিবে না। সাধুরা বলেন, সাধারণ মানুষের যে অপরকে ভালবাসা সে নিজের সুখের জন্য, পরের জন্য নয়। তাই নিজেকে ভালবাসেন বলিয়াই তাহাকে ভালবাসেন; পিতা ও মাতা আত্মপ্রীতির জন্যই সন্তানকে স্নেহ-মমতা দেখাইয়া থাকেন।

যিনি শুধু ভালবাসিবার জন্যই তাঁহার জাতি-ভগিনীগুলিকে ভালবাসেন, তিনি আমাদের সকলেরই ভাই; যে পিতা ও যে মাতা শুধু পুত্র-কন্যাকে স্নেহপাশে তাহাদের প্রতিপালন করিয়া থাকেন, তাঁহারা সাধারণেরই জনক জননী। তাঁহাদের পুত্র-কন্যা তাঁহাদের কাছে যেরূপ স্নেহ ও মমতা পাইয়া থাকে, আমরা যদি কখন তাঁহাদের দ্বারস্থ হই, তাহা হইলে আমরাও সেইরূপ স্নেহমমতা তাঁহাদের কাছে পাইবার প্রত্যাশা করি। সুখে আনন্দ, দুঃখে শান্তি—এই স্নেহ-সুধার জন্য তাঁহারা শুধু তাঁহাদের ছেলে-মেয়েদের জন্য তুলিয়া রাখেন নাই। অনাথ, আতুর যে কোন অতিথি যখনই তাঁহাদের দ্বারে উপস্থিত হউক না কেন, তখনই তাহারা সেই অঞ্জলিভরা কুসুম-সৌরভে মত্ত হইয়া থাকে। ইহার নাম দয়া।

সংসারে যে আকর্ষণে আমরা পুত্র কন্যা, সহোদর, আত্মীয়-স্বজনকে আপনার করিয়া লইয়াছি, তাহার নাম মায়া। এই মায়াই জগতের সমস্ত জীবকে আবদ্ধ করিয়া রাখিয়াছে।

রাজা সুরথ ঋষির তীব্র বাক্যে ক্ষুব্ধ হইলেন না। তিনি সেই মহাপুরুষের সত্যতায় বিশ্বাস করিয়া করযোড়ে বলিলেন—"কেন এমন হয়? কে প্রভু এরূপভাবে আমাদিগকে সংসারে লিপ্ত করিয়াছে?"

ঋষি বলিলেন—"মহামায়া। তিনি আদ্যা-শক্তি। তিনিই এই জগৎকে মোহিত করিয়া রাখিয়াছেন। মহারাজ! এই মোহ বিষয়ে বিস্ময় বোধ করিও না। এই মোহ অথবা মায়া আমাদিগকে সংসার-বন্ধনে জড়াইয়া রাখিয়াছে।"

রাজা জিজ্ঞাসা করিলেন—"হে ভগবন্! যাঁহাকে আপনি আদ্যাশক্তি মহামায়া বলিতেছেন, তিনি কে?"

সংসারের জ্বালায় জর্জরিত হইয়া মানুষ যখন শান্তির জন্য লালায়িত হয়, যখন স্ত্রী, পুত্র, কন্যা, বন্ধু, বান্ধব, টাকাকড়ি, ধনসম্পদ কিছুতেই সুখ না পাইয়া হৃদয়ের একটি অনন্ত অভাবের পূর্তির জন্য সচেষ্ট হয়, তখন তাহার মনে স্বতঃই একটি প্রশ্ন উঠে। "আমি সংসারে সুখ চাই; কিন্তু সুখ পরিবর্তে শান্তি পাই না কেন? আমি কোথা হইতে এ দেশে আসি, কেন আসিয়া অশান্তিবিধুর হই কেন?"

প্রথম প্রথম মনে এই প্রশ্ন উঠিতে না উঠিতে আবার আমরা সংসারের মোহ-মায়ায় ডুবিয়া যাই। আবার সুখের আশায় দুঃখের তরঙ্গে পড়ি, আবার দুঃখের উপর মাথা তুলিয়া আবার এই প্রশ্ন করি। শেষে যখন এরূপ মনে হয় যে, এই প্রশ্নের সদুত্তর না পাইলে আমাদের আর নিস্তার নাই, তখন কোন এক অভাবনীয় অচিন্তনীয় শক্তি যেন আমাদের হাত ধরিয়া আমাদিগকে এক মহাপুরুষের নিকটে আনিয়া উপস্থিত করে। সেই মহাপুরুষ পরমার্থ জ্ঞানরত্নের ভাণ্ডার লইয়া, কোন অনাদিকাল হইতে যে এই নিভৃত নিকুঞ্জে আমাদের অপেক্ষায় বসিয়া আছেন, তাহা তিনি ভিন্ন আর কেহ বলিতে পারে না। ঋষিদের শাস্ত্রে তাঁহার নাম গুরু। আমরা যখন শ্রীগুরুদেবের নিকটে পূর্বোক্ত প্রশ্ন করি, তখন তাঁহার কৃপায় বুঝিতে পারি যে, তাহার উত্তর পাই। সাধকের সাধনার যেমন আগ্রহ, আমরা তদনুযায়ী সময়ের মধ্যে শ্রীগুরুর শ্রীপাদ-পদ্মে উপস্থিত হইয়া থাকি। যে অতি ব্যাকুল, সে শীঘ্রই তাঁহার সন্ধান পায়; যে অল্প ব্যাকুল, তাহার সন্ধান পাইতে কিছু বিলম্ব ঘটে। আসল কথা প্রাণে তীব্র ব্যাকুলতা না জাগিলে তাঁহার সন্ধান মিলে না।

প্রথম প্রথম সুরথ রাজা যেমন মুনির আশ্রমে গিয়াও শান্তি পান নাই। তাঁহার দর্শন পাইয়াও রাজা তাঁহাকে চিনিতে পারেন নাই। যে অন্ধ,

তাহার চোখের উপর দিয়া সর্বজ্যোতির আধার সূর্য চলিয়া গেলেও সে তাঁহাকে দেখিতে পায় না। বিষয়ের প্রতি মমতা রাজার বুদ্ধিটিকে ঢাকিয়া রাখিয়াছিল, তাই দেবীর মহিমা তিনি প্রথমে বুঝিতে পারেন নাই। সমাধির কথা শুনিয়া তাঁহার যখন কিঞ্চিৎ চৈতন্য হইল আর মুনির কথায় যখন তাঁহার চোখ ফুটিল, তখন তিনি বুঝিলেন, বাস্তবিক সেই একজন পরা শক্তিই জগৎ জুড়িয়া রহিয়াছেন। সেই জন্যই রাজা মুনিকে জিজ্ঞাসা করিলেন—"ভগবন্! যাঁহাকে আপনি মহামায়া বলিতেছেন—তিনি কে?" [illegible] সুরথকে মহামায়ার পরিচয় দিয়াছিলেন, তাহার কেবল [illegible] জানিয়া [illegible]।

ঋষি বলিলেন—"তোমরা যাহা দেখ, সবই [illegible] আদি নাই। যখন এই জগৎ ছিল না, তখন তিনি ছিলেন। যখন সূর্য ছিল না, চন্দ্র ছিল না, [illegible] এই পৃথিবী কিছুই ছিল না, তখন তিনি ছিলেন। তাঁহা হইতেই এই জগৎ সৃষ্টি হইয়াছে। তিনি এই জগৎকে মোহিত করিয়া রাখিয়াছেন বলিয়া তাঁহার নাম মহামায়া। জগতের [illegible] আদি অন্ত নাই; সৃষ্টির সঙ্গে সঙ্গে তিনি জগতে রহিয়া আছেন, এই জন্য [illegible]। তিনি যদি না থাকিতেন [illegible] সঙ্গে সঙ্গেই এ জগৎ লয় হইয়া যাইত। মুনিরাই বলিয়াছেন— [illegible]—অতীতে বর্তমানে তিনি বর্তমান আছেন। এই জন্য তাঁহার আর এক নাম সনাতনী। তিনি এই জগতের রাণী। মনুষ্য হইতে আরম্ভ করিয়া এই পৃথিবীতে যত জীব আছে, তাহাদের ত কথাই নাই, এ জগতে, স্বর্গে, মর্ত্যে, পাতালে যেখানে যত জীব আছে—দেবতা, গন্ধর্ব, যক্ষ, রক্ষ সমস্তই তাঁহার প্রজা। এইজন্য তাঁহার আর এক নাম ঈশ্বরী।"

ঋষি রাজা সুরথের কাছে মহামায়ার যে পরিচয় দিলেন, তাহা সকলে বুঝিলে কি? তোমাদের মধ্যে অনেকেই বলিবে, অনেকেই কেন, প্রায় সকলেই বলিবে, কিছুই বুঝিলাম না। না বুঝাই সম্ভব। সুরথ রাজা নিজে জ্ঞানী ছিলেন, এইজন্য মুনি তাঁহাকে জ্ঞানীর মনোমত উপদেশ দিয়াছিলেন।

আমাদের দেশে এখন এমন জ্ঞানী অ[…] আছেন, যাঁহারা মেধস মুনির এই কয়েকটি ব[…] বুঝিতে পারেন। তাহা হইলে এ উপদেশ […] আমাদের পক্ষে কার্যকর হইল না। আমরা য[…] জানিতে চাহিলাম, তাহা ত' জানি[…] পারিলাম না।

তাহা নয়। ঋষি সুরথ রাজাকে শুধু […] উপদেশ দিয়াই ক্ষান্ত হন নাই। পূর্বেই বলিয়া[…] ঋষিরা যাহা বলেন, যাহা করেন, সমস্ত জীবে[…] মঙ্গলের জন্য। সেই মঙ্গলময় রাজা শুধু […] সুরথকে বুঝাইবার জন্যই উপদেশ দিয়াছিলেন […] পাশে তাঁর [illegible] আগ্রহাক[…] উপদেশ শুনিতেছিল। সংসারে আবদ্ধ […] মুক্তিপ্রয়াসী ক্ষুদ্র জীব, আপন আপন ঘরে […] [illegible] জানিবার জন্য ব্যাকুল হইয়াছিল। […] জানিতেন, তাহারা ত সুরথের মত জ্ঞানী নয় […] [illegible] পারে। এই কালসংসারে, বহু লোক তাঁহা[…] উপদেশ শুনিবার জন্য [illegible] থাকিয়া থাকিবে তাহারাও ত সুরথের মত জ্ঞানী নয়। ঋষির […] মধুময়ী বাণী [illegible] লাগিয়া লাগিয়া য[…] তাহাদের কর্ণকুহরে প্রবেশ করিবে, তখন […] তাহারা তাঁহার সেই উপদেশের মধুর অর্থ[…] কি বুঝিতে পারিবে না।

ঋষি তাহা বুঝিয়াছিলেন। বুঝিয়া রাজ[…] সুরথকে উপদেশ দেওয়ার ছলে, সমস্ত জগতের জীবকে সম্বোধন করিয়া বলিয়াছেন, "অজ্ঞ […] অশক্ত জন। সেই-সর্বেশ্বরের একাংশিকা আদ্যা শক্তি, জগতের আদি জননী নারায়ণী, ব্রহ্মা, বিষ্ণু, শিবেরও ঈশ্বরী যিনি, সময়ে সময়ে এই মর্ত্যলোকে আবির্ভূতা হন।" তাঁহার রচিত সংসারটিকে র[…] করিবার জন্য মাঝে মাঝে এই পৃথিবীতে দানবে[…] উৎপাত হয়। তখন ধর্মের ক্ষয়, আর অধর্মে[…] বৃদ্ধি হয়। বৃদ্ধি পাইতে পাইতে যখন অধর্মে[…] ভার এত অধিক হয় যে, মা ধরিত্রী আর তাহা সহ্য করিতে পারেন না, তখন তিনি কাঁপিতে থাকেন ও কাঁদিতে থাকেন। সেই রোদনের সঙ্গে সঙ্গে যাঁহারা গগন ব্যাপিয়া সমস্ত দেবসুরকে কাঁপাইয়া মায়ের মধুর নামের ধ্বনি উঠে। ধরিত্রীর সঙ্গে সঙ্গে দেবতারা যখন সমস্বরে মাকে আবাহন করিতে থাকেন, তখন জগজ্জননী

আর স্থির থাকিতে পারেন না। তখন সাধুদের পরিত্রাণের জন্য, অসাধুদের ধ্বংসের জন্য, সনাতন ধর্ম রক্ষা করিবার জন্য—সনাতনী মা আমাদের মধ্যে আসিয়া অবতীর্ণা হন। শক্তিরূপা সনাতনী আপনার বিশ্ব-বিমোহিনী মায়া দ্বারা আপনাকে আচ্ছাদিত করিয়া নারীরূপে আমাদের মধ্যে লীলা করিতে আসেন।

তখন তিনি পিতা মাতার কাছে নন্দিনী, ভ্রাতার কাছে ভগিনী, পতির কাছে জায়া, পুত্র-কন্যার কাছে জননী। তখন তিনি দীনের কাছে দয়া, তৃষিতের কাছে জল, রোগীর কাছে সেবা, ক্ষুধিতের কাছে ফল। তখন কত মূর্তিতে যে মা আমাদের সম্মুখে উপস্থিত হন, তাহা আর তোমাদের কি বলিব? তাঁহার গুণ বর্ণনা করিয়া শেষ করিতে পারে, এমন শক্তি এ জগতে কার আছে?

তিনি আসিলেই জীবের সকল দুর্গতির অবসান হয়। এই জন্য তাঁহার আর এক নাম দুর্গা। দুর্গতিনাশিনী দুর্গাই মহামায়া। ভক্তিসহকারে তাঁহার বিচিত্র কাহিনী শুন, তাহা হইলেই তিনি কে, আমাদিগের সঙ্গে তাঁর কি সম্বন্ধ, সম্যক্‌রূপে বুঝিতে পারিবে।

মুনি কহিলেন—"মহারাজ! জগৎ রক্ষার জন্য তিনি এক একবার ভূমণ্ডলে অবতীর্ণা হন।"

সুরথ জিজ্ঞাসা করিলেন—"ভগবন্! কোন্ কোন্ সময়ে তিনি জীবের কল্যাণার্থ অবতীর্ণা হইয়াছিলেন?"

তখন মুনি মহামায়ার চরিত্র বর্ণনে প্রবৃত্ত হইলেন।

৬

একবার মধু ও কৈটভ নামে দুই ভয়ঙ্কর অসুর সৃষ্টিকর্তা ব্রহ্মাকে গ্রাস করিবার জন্য উদ্যত হইয়াছিল।

বিষ্ণু তখন অনন্ত শয্যায় শুইয়াছিলেন, এক মহাসাগরে সমস্ত জগৎটা নিমগ্ন হইয়াছিল। ব্রহ্মা বিষ্ণুর নাভি-কমলে বসিয়া জগৎটাকে আবার কেমন করিয়া গড়িবেন, সেই চিন্তা করিতেছিলেন। এমন সময়ে দেখিলেন, দুইটা ভয়ঙ্কর দৈত্য হাঁ করিয়া তাঁহার দিকে ছুটিয়া আসিতেছে।

তাহাদের মাথা দুইটা আকাশে ঠেকিয়াছে, চারিটা হাত চারিটা দিক্ অধিকার করিয়াছে। অত বড় গভীর সাগর তাহাদের হাঁটুও পর্যন্ত ডুবাইতে পারে নাই। সেই আকাশে-ঠেকা মাথার আকাশ-জোড়া হাঁ। তাহার ভিতরের দাঁতগুলা এক একটা পাহাড়ের মত।

ব্রহ্মা তাহাদের মূর্তি দেখিয়া ভীত হইলেন। মনে মনে বুঝিলেন, "ইহাদের সঙ্গে আমি ত যুদ্ধ করিতে পারিব না।" এই ভাবিয়া তিনি বিষ্ণুকে ডাকিতে লাগিলেন। বলিলেন,—"হরি! উঠ, দৈত্যভয়ে আমি ভীত হইয়াছি।"

হরি যোগনিদ্রায় মগ্ন ছিলেন। সুতরাং ব্রহ্মার কথা তাঁহার কর্ণে প্রবেশ করিল না। অসুর দুই জন ক্রমেই নিকটে আসিতেছে দেখিয়া ব্রহ্মা মহামায়ার শরণাপন্ন হইলেন। মহামায়া যোগনিদ্রারূপে বিষ্ণুর চক্ষুপলক অধিকার করিয়া বসিয়া ছিলেন। মহামায়া ইচ্ছা না করিলে ত বিষ্ণুর নিদ্রাভঙ্গ হয় না। তাই ব্রহ্মা মহামায়াকে সন্তুষ্ট করিবার জন্য তাঁহার স্তব আরম্ভ করিলেন।

ব্রহ্মা করযোড়ে বলিতে লাগিলেন—"মা সনাতনীজগদ্ধাত্রী! তুমিই যোগনিদ্রারূপে হরির নয়নকমল আশ্রয় করিয়া আছ। সেই নয়ন উন্মীলিত করিয়া দাও, হরিকে জাগাও।"

স্তব করিতে করিতে ব্রহ্মা দেখিলেন, বিষ্ণুর চক্ষু, মুখ, নাসিকা, বাহুদ্বয় এবং বক্ষদেশ হইতে এক অপূর্ব জ্যোতিঃ বাহির হইল। দেখিলেন, সেই জ্যোতিঃ পুঞ্জীভূত হইয়া অপূর্ব মাতৃমূর্তি ধারণ করিল।

ব্রহ্মা আর কিছু দেখিতে পাইলেন না। মায়ের আবির্ভাবের সঙ্গে সঙ্গে মহামোহে সমস্ত সংসার ভরিয়া গেল। স্বয়ং সৃষ্টিকর্তা ব্রহ্মাও তাহা হইতে নিস্তার পাইলেন না। যোগনিদ্রায় কমলযোনির নয়ন দুটি আবৃত হইল।

এ দিকে জনার্দন নিদ্রাভঙ্গে অনন্তশয্যা হইতে উত্থিত হইলেন। উঠিয়াই তিনি সেই দুই অসুরকে দেখিতে পাইলেন। তাহারাও তাঁহাকে দেখিতে পাইল। দেখিবামাত্র তাহারা ভগবান্ হরিকে আক্রমণ করিল। বহুকাল ধরিয়া জনার্দনের সঙ্গে সেই দুই দানবের যুদ্ধ হইল। বহুকাল যুদ্ধ করিয়াও তাহারা পরাস্ত অথবা ক্লান্ত হইল না। তখন মহামায়া তাহাদিগকে মোহ দ্বারা অভিভূত করিয়া ফেলিলেন।

মোহের বশবর্তী হইয়া তাহারা হরিকে কহিল,—"তোমার সঙ্গে যুদ্ধ করিয়া আমরা বড়ই তুষ্ট হইয়াছি। তুমি আমাদের কাছে বর গ্রহণ কর।"

জনার্দন বলিলেন,—"বেশ, তোমরা যদি আমাকে বর দিতে চাও, তা হ'লে এই বর দাও, যেন আমার হাতে তোমাদের দু'জনেরই মৃত্যু হয়।"

বর-প্রার্থনা শুনিয়াই অসুর দুইটার চক্ষু কপালে উঠিয়া গেল। তাহারা ভাবিল,—"তাই ত! কি করিলাম! ইচ্ছা করিয়া নিজেরাই নিজেদের মৃত্যুকে ডাকিয়া আনিলাম!"

তাহারা একবার চারিদিকে চাহিল। দেখিল, সমস্ত জগৎ জলরাশিতে পূর্ণ হইয়া রহিয়াছে। তখন তাহারা মহামায়ার মহামায়াতে মোহিত হইয়াছিল। সেই মায়ার মোহে দুই দানব স্থির করিল, হরিকে বর দিব, অথচ তাহাকে প্রতারিত করিব। এই ভাবিয়া তাহারা দুইজনে যুক্তি করিয়া অনেক পরামর্শ করিল। তার পর হরিকে কহিল,—"তোমার সঙ্গে যুদ্ধ করিয়া খুশী হইয়াছি। সেইজন্য বর দিতে প্রতিশ্রুত হইয়াছি। তুমি আমাদের মৃত্যুবর চাহিয়াছ, তাহাও মঞ্জুর করিলাম। তোমার হাতে মরিলে আমাদের গৌরব বাড়িবে বই কমিবে না। আমরা মরিতে প্রস্তুত আছি। তবে তুমি এমন স্থানে আমাদের বধ কর, যেখানে জল নাই।"

দানব দুইজন মনে করিল, আমাদের মরণ ঠেকান হইল, আর কোনও ভয় রহিল না। কেন না, সমস্ত সংসারের মধ্যে এমন একটুও স্থান ছিল না, যেখানে জল ছিল না। জনার্দন তাহাদের কথা শুনিয়া ঈষৎ হাস্য করিয়া বলিলেন—"তাহাই হউক।"

এই বলিয়া ভগবান্ নারায়ণ সেই মহাসমুদ্রে আপনার জঙ্ঘাদ্বয় বৃদ্ধি করিলেন; অসুর দুই জন সবিস্ময়ে দেখিল, তাঁহার দুই জানু দুটি মহাদেশে পরিণত হইয়াছে। তাহাতে মধু ও কৈটভের ন্যায় শত দানবের যে স্থান হয়, তাহার সংখ্যা নাই। ব্যাপার দেখিয়া তাহাদের আর কথা কহিবার শক্তি রহিল না। তখন জনার্দন তাহাদের কেশাকর্ষণ করিয়া উভয়কেই জানুর উপর পাতিত করিলেন এবং খড়্গ দ্বারা উভয়ের মস্তক ছেদন করিলেন।

সেই দুই দানবের শরীর দুইটা কত বড় ছিল শুনিবে? তাহারা মরিয়া গেলে তাহাদের দেহ হইতে এত মেদ বাহির হইয়াছিল যে, ত… আমাদের এই প্রকাণ্ড পৃথিবীর সৃষ্টি হইয়া… মধু-কৈটভের মেদে সৃষ্ট হইয়াছে বলিয়া এই পৃ… আর এক নাম মেদিনী। মধুকে বধ করিয়া… বলিয়া ভগবানের আর এক নাম মধুসূদন।

মধুকৈটভের মৃত্যুর সঙ্গে সঙ্গে কমলয়… নিদ্রাভঙ্গ হইল। তিনি চাহিয়া দেখিলেন, … সাগরের জলে একটি অপূর্ব সুন্দর দ্বীপ জা… হইয়াছে। তাই দেখিয়া তিনি আনন্দে জী… করিলেন। দেব, যক্ষ, রক্ষ, গন্ধর্ব, মানব, … পাখী প্রভৃতিতে আমাদের এই ধরণী ভরিয়া গে…

মধুকৈটভের বিনাশ না হইলে পৃথিবীর … হইত না। হরি না জাগিলে মধুকৈটভের … হইত না। মহামায়ার কৃপা না হইলে জ… জাগিতেন না, অনন্ত শয়নেই শুইয়া থাকি… অতএব মায়ের কৃপাতেই আমরা ধরণীতে … পাইয়াছি। এস, আমরা সেই মাকে ভক্তিসহ… প্রণাম করিয়া ঋষি-কথিত তাঁহার দ্বিতীয় … কাহিনী শ্রবণ করি।

২

এ সময়েও বহু পুরাকালের কথা। তবে … সময়ের অনেকটা আমাদের নিকটে আসিয়াছে…

প্রথম যখন মায়ের আবির্ভাব হইয়াছিল, … এক অনন্ত সাগরমাত্র বিদ্যমান ছিল। সূর্য … না, চন্দ্র ছিল না, তারা নক্ষত্র কিছুই ছিল … মানুষ ও জীব-জন্তুর কথা ছাড়িয়া দিই, দেবতা … পর্যন্ত তখনও জন্ম হয় নাই। কেবল এক অন্ধ… —নিরবধি অন্ধকার, সেই অনাদি সময়ে মা … করিয়াছিলেন। সে সময়ের কথা—যখন একা… নারায়ণ অনন্তশয়নে শুইয়াছিলেন, সেই আদিদে… সঙ্গে মধুকৈটভের যুদ্ধ—সঙ্গে সঙ্গে আত্মাশ… জগজ্জননী মহামায়ার লীলা—জ্ঞানী মহাত্মা শঙ্ক… তাহা কল্পনায় আনিতে অন্ধকারে ডুবিয়া যা… আমরা ক্ষুদ্র প্রাণী, আমরা ইহার মহত্ত্ব কি বুঝিব…

তবে ঋষি-কথিত কাহিনী।—পৃথিবীর … জন্মকথা শ্রবণে পুণ্য আছে—ভক্তিসহকারে শুনি… একদিন না একদিন তোমাদের জ্ঞানচক্ষু উন্মীলি… হইবে। তখন মহামায়ার কৃপায় তোমরা ইহ… অর্থ অনেকটা হৃদয়ঙ্গম করিতে পারিবে।

দ্বিতীয় যুগে দেবতার সৃষ্টি হইয়াছে। ইন্দ্র, বায়ু, বরুণ, কুবের, হুতাশন প্রভৃতি দেবগণ তখন স্বর্গরাজ্য শাসন করিতেছেন। সূর্য্য, চন্দ্র তখন মহোল্লাসে আকাশপথে পরিভ্রমণ করিতেছেন। মন্দাকিনী তখনও পর্য্যন্ত মহেশ্বরের জটা অবলম্বনে হিমালয়ের শুভ্রশির প্লাত করিয়া ধরণীতে প্রবাহিতা হন নাই। বিষ্ণুপাদ হইতে উদ্ভূতা হইয়া তখনও পর্য্যন্ত তিনি ব্যোম-গঙ্গারূপে আকাশে তরঙ্গ তুলিয়া বিহার করিতেছিলেন। তারাফুল তখন সবে মাত্র ফুটিয়া স্বর্গের উদ্যান-নন্দনে শোভা পাইতেছিল, এমন সময় দেবরাজ্যে অসুরের উৎপাত আরম্ভ হইল।

এবারকার অসুররাজের নাম মহিষাসুর। তাহার সহিত দেবগণের একশত বৎসর ধরিয়া যুদ্ধ হইয়াছিল। যুদ্ধে দেবতারা পরাজিত হইলেন। স্বর্গ, মর্ত্ত্য, পাতাল অসুরদের অধিকারভুক্ত হইল।

অনন্যোপায় হইয়া দেবগণ ব্রহ্মার শরণাপন্ন হইলেন। ব্রহ্মা আবার তাঁহাদিগকে বিষ্ণু ও শিবের কাছে লইয়া গেলেন এবং দেবগণের দুর্গতির কথা তাঁহাদিগকে শুনাইলেন। কমলযোনি বলিতে লাগিলেন—"প্রচণ্ড মহিষাসুর দেবগণের সমস্ত অধিকার কাড়িয়া লইয়াছে। সূর্য্য, ইন্দ্র, অগ্নি, বায়ু, চন্দ্র, যম, বরুণ ও অন্যান্য দেবতাদিগের—এমন কি ঋষিগণের স্থানে—সেই প্রচণ্ড অসুর একা আধিপত্য করিতেছে। দেবতারা এখন তাহার ভয়ে মানুষের মত পৃথিবীতে ঘুরিয়া বেড়াইতেছেন। মহিষাসুরের কার্য্যকলাপ আপনাদিগের নিকটে কহিলাম। আমরা আপনার শরণ লইলাম। এখন কেমন করিয়া তাহার বিনাশ হয়, সেই উপায় বিধান করুন।"

এই কথা শুনিবামাত্র মধুসূদনের বিষম ক্রোধ উপস্থিত হইল। "কি, এত বড় স্পর্দ্ধা! আমার প্রিয় দেবতাদিগের স্থান একটা দুর্বৃত্ত অসুরে অধিকার করিয়াছে!" ক্রোধে তাঁহার সর্ব্বশরীর কম্পিত হইয়া উঠিল।

মধুসূদনের ক্রোধ—এ কথাটার একটা গূঢ় অর্থ আছে। জ্ঞানী মহাত্মারা বলেন, শ্রীমধুসূদন জগতের সমস্ত প্রাণীর অন্তরে বিরাজ করিতেছেন। তিনি দেবতাদের ভিতরে যেমন আছেন, তেমনি তোমার ভিতরে, আমার ভিতরে, পশুপক্ষী, তরুলতা প্রভৃতির ভিতরেও আছেন। জগতে এমন জীব নাই, এমন স্থান নাই, এমন বৃক্ষ নাই, যাহার ভিতরে মধুসূদন নাই। এইজন্য হিন্দুরা প্রাতঃকালে শয্যা হইতে উঠিয়া এই শ্লোকটি উচ্চারণ করিয়া থাকেন। তোমরা সকলে এখনও কর কি না জানি না। যদি না করিয়া থাক, তাহা হইলে নিম্নের লিখিত শ্লোকটি কণ্ঠস্থ করিবে এবং প্রতি প্রভাতে ভক্তিসহকারে মধুসূদনকে প্রণাম করিয়া করযোড়ে শ্লোকটি উচ্চারণ করিবে। কিছু দিন করিলে দেখিবে, তোমাদের আর অসৎকার্য্যে প্রবৃত্তি হইবে না। ভুলেও মুখ হইতে মিথ্যা কথা বাহির হইবে না। শ্লোকটি এই:—

"যৎ কৃতং যৎ করিষ্যামি তৎ সর্ব্বং ন ময়া কৃতম্।
ত্বয়া কৃতং তু ফলভুক্ ত্বমেব মধুসূদন॥"

যেই কার্য্য নিষ্পাদন করেছি মধুসূদন।
যে কার্য্য করিব আমি আর।
নহে মম-অনুষ্ঠিত, সে কার্য্য তোমার কৃত;
তুমি প্রভু, ফলভোগী তার।

তাই বলিতেছিলাম, মধুসূদনের ক্রোধের একটি গূঢ় অর্থ আছে। ব্রহ্মা ও দেবতাগণের মর্ম্মকথায় অসুরগণের উপর যেমন তিনি ক্রুদ্ধ হইলেন, অমনি সঙ্গে সঙ্গে সমস্ত ত্রিলোক ক্রোধে সংক্ষুব্ধ হইয়া উঠিল।

মধুসূদনের সঙ্গে সঙ্গে শিব ক্রুদ্ধ হইলেন। সঙ্গে সঙ্গে ব্রহ্মা ক্রুদ্ধ হইলেন; ইন্দ্র, চন্দ্র, বায়ু, বরুণ প্রভৃতি সমস্ত দেবতা ক্রুদ্ধ হইলেন। জগতের সমস্ত জীবের ভিতর ক্রোধের সঞ্চার হইল। প্রকৃতি ক্রোধে দীর্ঘনিশ্বাস ত্যাগ করিল, প্রলয়-ঝড়ে আকাশ ব্যাপ্ত হইল, সমুদ্র ক্রোধে ফুলিয়া উথলিয়া উঠিল, স্থির হিমালয়ে অগ্নিশিখা নির্গত হইতে লাগিল, ধরণী কম্পিতা হইলেন।

অতি কোপে মধুসূদনের মুখ হইতে অপূর্ব্ব তেজ নির্গত হইতে লাগিল। তৎপরে ব্রহ্মা ও শঙ্করের মুখ হইতে মহৎ তেজ বহির্গত হইল। সঙ্গে সঙ্গে দেবতাদিগের দেহ হইতে রাশি রাশি তেজ বাহির হইল। সেই সকল তেজ একত্র হইয়া বিশাল আকার ধারণ করিল। দেবগণ দেখিলেন, যেন এক প্রকাণ্ড শৈল দিগন্তব্যাপিনী অগ্নিশিখায় স্নান করিতেছে।

সেই তেজোরাশি প্রভামণ্ডলে ত্রিভুবন আলোকিত করিয়া দেখিতে দেখিতে এক অপূর্ব্ব

মূর্তিতে পরিণত হইল। শঙ্করের তেজে তাঁহার মুখ, বিষ্ণুর তেজে তাঁহার বাহু, ব্রহ্মার তেজে তাঁহার পদ রচিত হইল। এইরূপে অন্যান্য দেবতাদের তেজে তাঁহার এক এক অঙ্গ নির্মিত হইল।

আমাদিগের ক্রোধ অনেক সময়ে লোকের অনিষ্ট করিবার জন্যই উৎপন্ন হয়; কিন্তু দেবতাদিগের ক্রোধ জীবের মঙ্গলের জন্যই উৎপন্ন হইয়া থাকে। সুতরাং সেই সকল তেজ হইতে যে দেহ উৎপন্ন হইল, আদ্যাশক্তি মহামায়া সর্বমঙ্গলারূপে সেই দেহ আশ্রয় করিয়া অবতীর্ণা হইলেন।

মায়ের আবির্ভাবের সঙ্গে সঙ্গে জীবের ভয় ঘুচিয়া গেল; দেবতারা আনন্দিত হইলেন; চারিদিক হইতে মায়ের জয়গান উত্থিত হইল; দিক্‌দিগন্তরে উল্লাসের বন্যা ছুটিয়া গেল।

তখন মহেশ্বরপ্রমুখ দেবগণ মহামায়াকে উপহার দিতে আরম্ভ করিলেন। শিব আপনার শূলের অনুরূপ একটি শূল গড়িয়া মায়ের হাতে দিলেন; বিষ্ণু তাঁহার চক্রের অনুরূপ একটি চক্র প্রদান করিলেন; ইন্দ্র নিজের বজ্র হইতে আর একটি বজ্র উৎপাদন করিয়া মাকে উপহার দিলেন। এইরূপে দেবতারা নিজ নিজ অস্ত্রের অনুরূপ আর একটি অস্ত্র দিয়া আদ্যাশক্তিকে রণসাজে সাজাইলেন।

শুধু দেবতা কেন, সমস্ত জগৎ জগন্মাতাকে সাজাইবার জন্য ব্যগ্র হইল। ক্ষীরোদসমুদ্র নানাবিধ অলঙ্কারে মায়ের অঙ্গ সাজাইয়া একখানি অম্লিন বস্ত্র মাকে পরাইয়া দিল। জলসমুদ্র একটি সুন্দর মালা এক ছড়া প্রফুল্ল পদ্মের মালা ও একটি পরম সুন্দর লীলাকমল উপহার প্রদান করিল। হিমালয় নিজের সিংহটিকে মায়ের বাহন করিয়া দিল।

৮

দেবদত্ত সাজে সজ্জিতা হইয়া, জগতের কল্যাণরূপিণী জননী, অসুরগুলাকে ভয় দেখাইবার জন্য অট্টহাসের সঙ্গে একবার হুঙ্কার করিলেন। সেই ভীষণ হুঙ্কারে সমুদায় আকাশমণ্ডল ব্যাপ্ত হইয়া গেল। স্বর্গ, মর্ত্য, পাতাল স্তম্ভিত হইল, সমুদ্রে বিষম তরঙ্গ উঠিল, পৃথিবী টলমল করিল, পর্বত সকল কাঁপিতে লাগিল।

সেই শব্দ মহিষাসুর ও তাহার অনুচরগণের কানে গেল। তাহারা ত এরূপ শব্দ আর কখনও শুনে নাই! ইন্দ্রের বজ্রধ্বনি তাহারা বহুবার শুনিয়াছে; মহাসমুদ্রের প্রলয়কল্লোল অনেকবার বিষমগর্জনে তাহাদের শ্রবণে আক্রমণ করিয়াছে; পর্বতের বক্ষ-বিদারণ শব্দ কতবার তাহাদের কর্ণপটহে ঘা মারিয়াছে; কিন্তু এরূপ শ্রবণভেদী গম্ভীর শব্দ আর কখনও তাহাদের শ্রুতিমূলে প্রবেশ করে নাই।

মহিষাসুর শব্দ শুনিবামাত্র বিরক্তিসহকারে বলিয়া উঠিল—"আঃ—একি?" তখন অসুরগণ আগ্রহে সজ্জিত হইয়া সেই শব্দ লক্ষ্য করিয়া ছুটিল। মহিষাসুরও অন্যান্য অসুর-সৈন্য সঙ্গে লইয়া সেই শব্দ লক্ষ্য করিয়া যাইতে লাগিল।

বোধ হয়, তাহার আকারটা মহিষের মত ছিল, তাই ঋষি তাহার মহিষাসুর নাম দিয়াছেন; তাহার সেনাপতিদিগের মূর্তিও তাহার মত বিশ্রী ছিল। কাহারও গায়ে মহিষের মত খুর, কাহারও বিড়ালের মত চোখ, কাহারও পা দুইটা পিছনে, চোখ দুইটা কপালে, কাহারও বা গায়ে শূকরের মত খাড়া খাড়া লোম,—এইরূপ অদ্ভুত আকৃতিবিশিষ্ট নানা রকমের অসুর জগন্মাতাকে আক্রমণ করিতে চলিল।

এখনও পৃথিবীতে এমন অনেক মানুষ আছে, পশুর সহিত যাহাদের আকারের তুলনা হইতে পারে। কাহারও ঠোঁট পুরু, কাহারও নাক চেপ্টা, কাহারও চুলগুলা ভেড়ার লোমের মত, কাহারও চোখের নীচের হাড় এত উঁচু, দেখিলে ঠিক যেন একটি শিশু হনুমান বোধ হয়, তা সে কত পূর্ব-কালের কথা! তখন মানবদেহ সবে মাত্র রচিত হইতেছে। তখন অসুরগুলা যে জন্তুর মত হইবে, তাহাতে আর বিচিত্রতা কি?

মহিষাসুর যখন সৈন্য লইয়া দেবীকে অবলোকন করিল, তখন তাঁহার শরীরকান্তিতে ত্রিভুবন আলোকিত হইয়াছে, পদভরে ভূমণ্ডল অবনত হইয়া পড়িয়াছে, কিরীট গগনস্পর্শ করিয়াছে, ধনুষ্টঙ্কার-ধ্বনিতে সমুদায় রসাতল সংক্ষুব্ধ হইয়াছে এবং ভুজ সহস্রবাহুর আকার ধরিয়া দিঙ্‌মণ্ডল সমাচ্ছন্ন করিয়াছে।

মায়ের এ বিশ্বরূপ কল্পনাতেও আনিতে আমাদের শক্তি নাই। একবার কুরুক্ষেত্রে মহামতি অর্জ্জুন শ্রীকৃষ্ণের বিশ্বরূপ দর্শন করিয়াছিলেন। সেই বিরাট দেহ ও স্বকীয় কান্তিতে ত্রিভুবন সমুজ্জ্বল করিয়াছিল। কিরীট আকাশে ঠেকিয়াছিল। সেই চিরমধুর ত্রিভঙ্গ মুরলীধর সখা অর্জ্জুনের চক্ষে একদিন সহস্র দাহ প্রসারিত করিয়াছিলেন। দেবতারা যে রূপ দর্শনের জন্য ব্যাকুল, আমরা ক্ষুদ্রজ্ঞানে সেই রূপ কেমন করিয়া অনুমান করিব? কৃষ্ণসখা সে রূপের জ্যোতি বহুক্ষণ দর্শন করিতে সমর্থ হন নাই। তাই তিনি সখার পূর্ব্বমূর্ত্তি দর্শনের জন্য ব্যাকুল হইয়া বলিয়াছিলেন—"হে দেবেশ! হে জগতের নিবাসভূমি! তোমার এই অদৃষ্টপূর্ব্ব রূপ দেখিয়া যদিও আমি হৃষ্ট হইয়াছি, কিন্তু ভয়ে আমার মন বিচলিত হইয়াছে। অতএব হে দেব! তুমি আমার প্রতি প্রসন্ন হও; তোমার সেইরূপ—সেই নবজলধর শ্যামসুন্দর মূর্ত্তি আমাকে দেখাও।"

ওগো ভাই! আমরাও সেই প্রকার করযোড়ে মাকে বলি—"মা! অসুরনাশিনী! অসুরকুলের সংহার করিয়া এক হস্তে বর, অন্য হস্তে অভয় লইয়া তোমার সন্তানগুলির সম্মুখে উপস্থিত হও। আমরা বালক-বালিকা, প্রাণ ভরিয়া সেই রূপ দেখি, আর উল্লাসে নৃত্য করি।"

অসুরগণ দেবীকে দেখিয়াই, চারিদিক হইতে এক সঙ্গে আক্রমণ করিল। কোটি কোটি হাজার রথ, কোটি কোটি হাজার গজ, কোটি কোটি হাজার ঘোড়া একেবারে চারিদিক হইতে পিপীলিকার মত মাকে ঘেরিয়া ধরিল। ঘেরিয়া সকলে একসঙ্গে মায়ের অঙ্গে অস্ত্র সকল নিক্ষেপ করিতে লাগিল। অসংখ্য অস্ত্র—অসংখ্য নাম। কোন অসুর তোমর দ্বারা, কেহ ভিন্দিপাল দ্বারা, কেহ মুষল দ্বারা, কেহ বা খড়্গ, কেহ বা কুঠার লইয়া মায়ের সঙ্গে যুদ্ধ করিতে লাগিল। অসংখ্য অস্ত্র—অসংখ্য নাম। মা একাকিনী—শত্রু অসংখ্য। তথাপি মা শত্রু-নিক্ষিপ্ত সেই অসংখ্য অস্ত্রশস্ত্র অনায়াসেই ছেদন করিলেন। অবশেষে তিনি যখন দেখিলেন, প্রবল ঝড়ে সাগরের তরঙ্গের মত অসুর-সৈন্য কেবলই বৃদ্ধি পাইতেছে, তখন তিনি এক একটি দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন। এক একটি নিশ্বাসের সঙ্গে সঙ্গে হাজার হাজার প্রমথ-সৈন্য সৃষ্ট হইতে লাগিল। দেবীর নিশ্বাসে জন্মিয়াছে, সুতরাং দেবীর শক্তিও তাহাদের মধ্যে প্রবেশ করিয়াছে। তাহারা অসুর সৈন্যের যুদ্ধ দেখিয়া স্থির থাকিবে কেন? তাহারা জন্মের সঙ্গে সঙ্গেই অসুরদিগের সহিত যুদ্ধ আরম্ভ করিল। দেবীর বাহন সিংহ—সেই বা এই সকল ব্যাপার দেখিয়া স্থির থাকিবে কেন? মহাশক্তির আধার হিমালয়ের নিকট হইতে সে আসিয়াছে। আসিয়া আদ্যাশক্তিকে বহন করিয়াছে। প্রমথগণ যখন যুদ্ধ আরম্ভ করিল, তখন সে কি কেবল দাঁড়াইয়া দাঁড়াইয়া যুদ্ধ দেখিবে? সিংহও ক্রুদ্ধ হইল; তার কাঁধের কেশর কম্পিত হইয়া উঠিল; আর বনের ভিতর দাবানল যেমন লকলক শিখা লইয়া একস্থান হইতে অন্য স্থানে চলিয়া বেড়ায়, সে-ও সেইরূপ অসুরসৈন্যমধ্যে বিচরণ করিতে লাগিল। দেবী কখন ত্রিশূল, কখন গদা, কখন খড়্গ লইয়া অসুরগুলাকে বধ করিতে লাগিলেন। কখন বা শক্তি-বৃষ্টি করিয়া কোটি কোটি মহাসুর-সংহার করিলেন। দেবীর ঘণ্টার শব্দে বিমোহিত হইয়া কতকগুলা অসুর মাটীতে আছাড় খাইয়া প্রাণত্যাগ করিল, কতকগুলা নাগপাশে জড়াইয়া ভূমিতে গড়াগড়ি খাইল। কাহারও হাত গেল, কাহারও পা গেল, কাহারও বা দেহ মধ্যভাগে কাটা পড়িল, আর কত মাথা যে ভূমিতে গড়াগড়ি খাইল, তাহার সংখ্যা রহিল না। সিংহ চারিধারে ছুটাছুটি করিয়া অসুরগুলার মুণ্ড কড়মড় করিয়া চিবাইতে লাগিল।

বহুদিন ধরিয়া দেবী মহিষাসুরের সঙ্গে যুদ্ধ করিলেন; এবং একে একে তাহার সেনাপতিগণকে বধ করিয়া সর্ব্বশেষে তাহাকে নিহত করিলেন।

প্রচণ্ড মহিষাসুরকে নিহত দেখিয়া প্রমথগণ আনন্দে ঢাক, ঢোল, শঙ্খ, ঘণ্টা, মৃদঙ্গ বাজাইতে আরম্ভ করিল। জগন্মাতার এই যুদ্ধ-মহোৎসবে আনন্দ প্রকাশ করিতে জগতের সমস্ত জীব যোগদান করিল। দেবগণ, ঋষিগণ দেবীর স্তব আরম্ভ করিলেন, গন্ধর্ব্বগণ গান ধরিলেন, অপ্সরাগণ নৃত্য করিলেন। সেই অম্লানবদনা সর্ব্বশক্তিশালিনী মহিষমর্দ্দিনীর জয়গান বহন করিয়া সমীরণ দিগ্-দিগন্তে ছুটিয়া গেল।

৯

মহিষাসুরের বিনাশে জগতের সমস্ত তাপ দূর হইয়া গেল। ঋষিগণ ভক্তিভরে আদ্যাশক্তির পদপ্রান্তে প্রণত হইয়া বলিতে লাগিলেন—"মা

জগদ্ধাত্রি! প্রসন্না হও। তুমি প্রসন্না হইলেই জগতের কল্যাণ হয়। তুমি যাহাদের প্রতি করুণা কর, মানে, ধনে, যশে, তাহারা সকল লোকের পূজা পাইয়া থাকে। তাহাদের সংসারে দুঃখ ক্লেশ থাকে না। ব্যাধি আসিয়া তাহাদের যাতনা দিতে পারে না। অকালমৃত্যু তাহাদের ঘরে প্রবেশ করিতে পারে না। তাহাদের সুকৃতির তুলনা নাই। তাহাদের পুত্র কন্যা বিনীত হয়, ভৃত্য প্রভুর বশীভূত হয়; ভার্য্যা পতিপরায়ণা হইয়া থাকে। বিপদে একমনে তোমায় স্মরণ করিলে তুমি প্রাণী সকলের ভয় দূর করিয়া দাও। দারিদ্র্য-দুঃখহারিণী দয়াময়ী! ভয়তারিণী অভয়ে! ভক্তই হউক অভক্তই হউক, মিত্রই হউক, শত্রুই হউক, সকলেরই জন্য তোমার চিত্ত করুণায় বিগলিত হইয়া রহিয়াছে। হে বরদে! আমরা তোমার সেই করুণা ভিক্ষা করিতেছি। হে দেবি! তুমি তোমার অস্ত্র দ্বারা আমাদিগকে সকল প্রকারে রক্ষা কর, সকল দিকে রক্ষা কর। আমাদিগকে রক্ষা কর, জীবকে রক্ষা কর, পৃথিবীকে রক্ষা কর।"

এই বলিয়া ঋষিগণ নন্দনবনের ফুল লইয়া মায়ের পূজা করিলেন, মায়ের অঙ্গ চন্দন কুঙ্কুমে চর্চিত করিলেন। তার পর ভক্তিভরে দিব্য ধূপ দ্বারা জগন্মাতার আরতি করিলেন।

ঋষি ও দেবতার পূজায় প্রসন্না হইয়া জগদ্ধাত্রী প্রসন্নবদনে তাঁহাদিগকে বলিলেন—"তোমাদের কি বাঞ্ছিত আছে, তাহা প্রার্থনা কর, আমি আনন্দের সহিত তোমাদিগকে তাহা দান করিতেছি।"

ঋষি ও দেবগণ কহিতে লাগিলেন—"প্রসন্নবদনে! তুমি যখন আমাদিগের সম্মুখে, তখন অন্য বর আর কি লইব? আমাদের সমস্ত অভীষ্টই পূর্ণ হইয়াছে, যেহেতু আমাদের শত্রু মহিষাসুর মরিয়াছে। তবে যদি একান্তই আমাদিগকে তোমার বর দিতে হয়, তাহা হইলে এই বর দাও যে, যখনই আমরা তোমাকে স্মরণ করিব, তখনই তুমি আমাদের বিপদ দূর করিয়া দিবে। আর এই বর দাও মা! যে মানব এই সকল স্তবে তোমাকে প্রসন্না করিবে, আমাদের প্রতি প্রসন্না হইয়া তুমি তাহাকে বিভব দিবে, সম্পদ দিবে, জ্ঞান দিবে। আর তাহার সংসারটিতে করুণা ঢালিয়া তাহাকে সকল প্রকারে সুখী করিবে।" এই স্থানেই দেব-চরিত্র ও ঋষি-চরিত্রের মর্ম্ম অনুভব কর। নিজেদের জন্য বর লইতে গিয়া তাঁহারা জগজ্জননীর কাছে সমগ্র মানবের কল্যাণ কামনা করিলেন।—

'তাহাই হউক' বলিয়া মা দেবতাদিগের চক্ষের উপর অদৃশ্য হইয়া গেলেন। মা অদৃশ্য হউন, কিন্তু তিনি দেবতাদের কাছে ধরা দিয়াছেন, ভক্তিপ্রীতির বাঁধনে বাঁধা পড়িয়াছেন। যে কেহ ভক্তিভরে আদ্যাশক্তির স্তব করিবে, মাতা তাহার সকল বিপদ দূর করিয়া দিবেন।

১০

তৃতীয় বারে মহামায়া আমাদের ঘরের কাছে আসিয়াছেন। সেবারেও দুই প্রচণ্ড দানবের হাত হইতে জগৎকে উদ্ধার করিবার জন্য মা আদ্যাশক্তি ভূতলে অবতীর্ণা হইয়াছিলেন।

এই দুই দানবের নাম শুম্ভ ও নিশুম্ভ। তাহারা দুই ভাই। দুই ভ্রাতায় বিশেষ প্রীতি ছিল। কনিষ্ঠ নিশুম্ভ সর্ব্বপ্রকারে জ্যেষ্ঠ ভ্রাতা শুম্ভের অনুগত ছিল। এই কনিষ্ঠ ভ্রাতারই সাহায্যে সেই প্রচণ্ড দৈত্য শুম্ভ ত্রিলোক জয় করিতে আরম্ভ করিল।

ত্রিলোকের ইন্দ্র অমরাবতীতে রাজত্ব করিতেছিলেন। শুম্ভ নিজের সমস্ত অসুর-সৈন্য লইয়া প্রথমেই ইন্দ্রের রাজধানী আক্রমণ করিল। দেবসৈন্য ও অসুরসৈন্যে অনেকদিন ধরিয়া যুদ্ধ হইল। যুদ্ধে দেবতারাই পরাস্ত হইলেন; এবং একে একে সকলে স্বর্গরাজ্য ত্যাগ করিলেন। প্রথমেই ইন্দ্র পলাইলেন। ইন্দ্রের সঙ্গে সঙ্গে সূর্য্য, চন্দ্র, বায়ু, বরুণ, হুতাশন একে একে সমস্ত দেবতা নিজ নিজ অধিকার ছাড়িয়া পলাইলেন।

শুম্ভ যেমন ইন্দ্রের অধিকার কাড়িয়া লইল, অমনি সঙ্গে সঙ্গে অপরাপর দেবতাদিগের অধিকারও হস্তগত করিল।

তোমরা জিজ্ঞাসা করিতে পার, সূর্য্যচন্দ্রকেও যদি নিজ নিজ অধিকার ছাড়িয়া পলাইতে হইল, তবে কি সে সময়ে আকাশে সূর্য্যচন্দ্রের উদয় হইত না? তবে কি সমস্ত পৃথিবী সে সময় দিবারাত্রি অন্ধকারে ডুবিয়া থাকিত?

ইহার উত্তর দেওয়া আমাদের ক্ষুদ্র বুদ্ধির সাধ্য নয়। তবে ঋষিরা বলেন, দৈত্যদানবেরা যে সময়

জগৎ অধিকার করে, তখন বাস্তবিকই জগৎ অন্ধকারে আচ্ছন্ন হয়। তখন সূর্য্য থাকেন না, মঙ্গল, বুধ, বৃহস্পতি প্রভৃতি গ্রহরাজগণ সূর্য্যের চতুর্দ্দিকে পরিভ্রমণ করেন না। এক অন্ধকার—বিরাট অন্ধকার সমস্ত মেদিনীর উপরে অবাধে রাজত্ব করিতে থাকে। কিন্তু বিস্ময়ের বিষয়, দানবের অধিকারভুক্ত জীব তাহা বুঝিতে সক্ষম হয় না।

দানবেরা অনেক প্রকার মায়া জানে। সেই মায়াবলে তাহারা নানাপ্রকার মূর্ত্তি ধরিয়া জীব সকলকে ভুলাইতে সমর্থ হয়। যখন চন্দ্র, সূর্য্য, ও গ্রহগণ আপন আপন স্থান ত্যাগ করিলেন, দানবগণও অমনি তাঁহাদের রূপ ধরিয়া সেই সকল পরিত্যক্ত স্থান গ্রহণ করিল।

আকাশে দানব-সূর্য্য প্রভাতে পূর্ব্বাচলে উদিত হইয়া সন্ধ্যায় পশ্চিমাচলে অস্ত যাইতে লাগিল; দানবী তারায় অমার গগন আচ্ছন্ন হইল। পূর্ণিমার রজনী দানবচন্দ্র মাথায় ধরিয়া দানবী কৌমুদীর বসন পরিল।

দানবী-মায়া মুগ্ধ মানব দেখিল, সূর্য্য উঠিয়াছে, চন্দ্র উঠিয়াছে, তারায় তারায় আকাশ ভরিয়া রহিয়াছে! কিন্তু দেবতা ও ঋষি জানিলেন, সমস্ত জগতে অন্ধকার—কি বিরাট বিশ্বব্যাপী সর্ব্ববিনাশী অন্ধকার!

দেবতারা দৈত্যভয়ে মানুষের রূপ ধরিয়া পৃথিবীতে লুকাইয়া রহিলেন। শুম্ভ ত্রিলোকে একাধিপত্য করিতে লাগিল।

পরাজিত, রাজ্যভ্রষ্ট, অধিকারচ্যুত, স্বর্গ হইতে তাড়িত, ভয়কম্পিত দেবগণ মুক্তির অন্য উপায় না দেখিয়া জগন্মাতাকে স্মরণ করিলেন।

"বিপদ উপস্থিত হইলে যদি আমাকে তোমরা যথাবিধি স্মরণ কর, তাহা হইলে আমি তোমাদের সকল বিপদ দূর করিয়া দিব।" মহামায়া দেবগণকে পূর্ব্বে এই বর দিয়াছেন। সেই বরের কথা দেবতাদের মনে হইল। মনে হইবামাত্র তাঁহারা হিমালয়ে গমন করিলেন, এবং সকলে সমবেত হইয়া মহামায়ার স্তব আরম্ভ করিলেন।

নমি দেবী মহাদেবী শিবানী প্রকৃতি।
ভদ্রা রৌদ্রা গৌরী ধাত্রী করি মা প্রণতি॥
নমি দুর্গা নমি কৃষ্ণা হে সর্ব্বকারিণী।
নমি মা কল্যাণরূপা নমি মা শর্ব্বাণী॥
সর্ব্বভূতে বিষ্ণুমায়া যে দেবী শব্দিতা।
চেতনা সকল ভূতে যিনি অভিহিতা॥
বুদ্ধিরূপে সেই দেবী জীবের ভিতরে।
নমস্কার নমস্কার নমস্কার তাঁরে॥
নিদ্রা ক্ষুধা কান্তি তৃষ্ণা শান্তি জাতি মায়া।
শ্রদ্ধা লজ্জা তুষ্টি ক্ষান্তি বৃত্তি স্মৃতি ছায়া॥
জীবমধ্যে যিনি আদি নবরূপ ধ'রে।
নমস্কার নমস্কার নমস্কার তাঁরে॥
লক্ষ্মীরূপে মাতৃরূপে ব্যাপ্তিরূপে আর।
শক্তিরূপে জীবমধ্যে অবস্থিতি যাঁর॥
সংস্কাররূপে আবরিয়া নিখিল সংসারে।
নমস্কার নমস্কার নমস্কার তাঁরে॥

জগজ্জননীর স্তবে দেবতারা তন্ময় হইয়া গেলেন। ভক্তি-বিনম্র দেবতার কণ্ঠোচ্চারিত স্তুতি-গীতি করুণাময়ীর হৃদয়কে ব্যাকুল করিয়া তুলিল। তিনি আর অন্তরের চক্ষে লুকাইয়া থাকিতে পারিলেন না। জাহ্নবীতে স্নান করিবার ছল করিয়া তিনি দেবগণের সম্মুখে উপস্থিত হইলেন এবং জিজ্ঞাসা করিলেন;—

"আপনারা এখানে কাহাকে স্তব করিতেছেন?"

ঋষি এইখানে একটী অলৌকিক বিস্ময়কর ঘটনার উল্লেখ করিয়াছেন। সাধারণ মনুষ্যজ্ঞানে দেবগণ বোধ হয়, পার্ব্বতীর প্রশ্নের উত্তর দানে উল্লেখ করিতেছিলেন। কিন্তু দেবীর প্রশ্ন কি নিরর্থক নয়? তিনি জগতের জননী হইয়া অভি-লাষিণী হইয়া প্রশ্ন করিয়াছেন, দুর্গতিগ্রস্ত হতবুদ্ধি দেবগণ সে প্রশ্নের উত্তর দিতে সমর্থ হইলেন না। তাই বলিয়া কি ইচ্ছাময়ীর ইচ্ছা ব্যাহত হইবে? দেখিতে দেখিতে পার্ব্বতীর শরীর-কোষ হইতে তাঁহারই অনুরূপ অন্য এক পরম রমণীয় মূর্ত্তি বাহির হইয়া উত্তর করিলেন—"সমরে নিশুম্ভ কর্ত্তৃক পরাজিত হইয়া ও শুম্ভ কর্ত্তৃক নিজ নিজ অধিকার হইতে তাড়িত হইয়া, এই সকল দেবতা আমারই স্তব করিতেছেন।"

চক্ষের নিমিষে যেন কোথা হইতে কি হইয়া গেল। আকুলনেত্রে দেবগণ চাহিয়া দেখিলেন, হিমালয়-শিরে সুধাতরঙ্গিণী জাহ্নবীতীরে পর্ব্বত-নন্দিনী গৌরী সহসা শ্যামরূপে ভুবন উজ্জ্বল করিয়া একহস্তে বর ও অন্য হস্তে অভয় লইয়া দাঁড়াইয়া আছেন। অমনি দেবগণের মস্তক ভক্তিভরে

তাঁহার চরণপ্রান্তে অবনত হইল। ভগবতীর আশ্বাস-বাণীতে প্রীত হইয়া তাঁহারা সে স্থান হইতে প্রস্থান করিলেন।

পার্ব্বতী কালিকা নামে প্রসিদ্ধা হইয়া হিমাচলে অবস্থান করিতে লাগিলেন। এইজন্য পূর্ব্বে বলিয়াছি, আদ্যাশক্তি ক্রমে আমাদের ঘরের কাছে আসিয়াছেন। জীবের ভয় ঘুচাইতে ভগবতী এবারে গিরিরাজের গৃহে অবতীর্ণা।

পর্ব্বতনন্দিনীর আবির্ভাবের সঙ্গে সঙ্গে গিরিরাজের শূন্য-ভবন পূর্ণ হইয়া গেল। তাঁহার চিরতুষারাবৃত শৃঙ্গ-সকল বিবিধ রত্নধাতুরাগে রঞ্জিত হইয়া দিঙ্মণ্ডল বিভাসিত করিয়া তুলিল। অন্যান্য শৃঙ্গ সকল অসংখ্য বৃক্ষলতা ও গুল্মে সমাচ্ছন্ন হইল, এবং পর্ব্বতবাহিনী নির্ঝরিণীর মধুর শব্দে দিগন্ত প্রতিধ্বনিত হইয়া উঠিল।

১১

শুম্ভ-নিশুম্ভের দুইজন ভৃত্য চণ্ড ও মুণ্ড ভ্রমণ করিতে করিতে হিমালয়ের পাদদেশে আসিয়া উপস্থিত হইল। উপস্থিত হইয়া তাহারা দেখিল, কোথা হইতে এক অভিনব সলিল-তরঙ্গ পর্ব্বতের পাদদেশ সিক্ত করিতেছে। সেই শুভ্রসলিলা তটিনীতীরে এক অপূর্ব্ব কাঞ্চন-কমল প্রস্ফুটিত হইয়াছে। সেই কাঞ্চন-কমলের সৌরভে সেই পার্ব্বত্য দেশের সমীরণ সুবাসিত হইয়াছে।

হিমালয়ের এই সহসা রূপপরিবর্ত্তনের কারণ-নির্ণয়ে অসমর্থ হইয়া তাহারা দুই ভাই প্রথমে নতই বিস্মিত হইল। কতদিন ত তাহারা হিমালয়ের নিকট দিয়া যাতায়াত করিয়াছে, কিন্তু কই নীরস হিমালয়ে এরূপ রসপ্রবাহ আর কখন ত তাহারা দেখে নাই। ভক্তের কৃপায় তাহারা ত্রিভুবনের সকল সুন্দর স্থান দেখিয়াছে, নন্দনকাননে পরিভ্রমণ করিয়াছে। কিন্তু হিমগিরির আজ যেরূপ শোভা, নন্দনেরও ত কখন তাহারা সেরূপ শোভা দেখে নাই। মুগ্ধ হইয়া দুই ভাই পর্ব্বতের শোভা দেখিতে লাগিল। দেখিতে দেখিতে তাহারা দেখিল, এক অপূর্ব্ব সুন্দরী কুমারী অপরূপ শ্যামাঙ্গের শোভায় ভুবন আলোকিত করিয়া পর্ব্বতের অধিত্যকাদেশে বিচরণ করিতেছেন।

সেই কুমারীকে দেখিবামাত্র তাহারা কালবিলম্ব না করিয়া আমাদের রাজাকে সংবাদ দিল। বলিল —"মহারাজ! অতি মনোহরা একটি রমণী স্বকীয় শ্যাম-শোভায় সুশুভ্র হিমাচল সমুজ্জ্বল করিয়া রহিয়াছে। তাদৃশ পরম মনোহর রূপ ত্রিভুবনে কেহ কোথাও দেখে নাই। ইনি কোন্ দেবী প্রথমে আপনি অবগত হউন, তাহার পর ইঁহাকে গ্রহণ করুন। একবার দেখিয়া আসুন, তাঁহার রূপপ্রভায় দশদিক্ প্রদীপ্ত হইয়া উঠিয়াছে।"

চণ্ড ও মুণ্ড বলিতে লাগিল—"ত্রিভুবনে যেখানে যাহা কিছু উৎকৃষ্ট ছিল, সমস্তই আপনি অধিকার করিয়াছেন। ইন্দ্রের নিকট হইতে আপনি করিরাজ ঐরাবত এবং ঘোটকশ্রেষ্ঠ উচ্চৈঃশ্রবা লাভ করিয়াছেন। নন্দনের পারিজাত আপনার অট্টালিকার প্রবেশ-পথে কল্প-কুসুম মাথায় লইয়া ছায়াদান করিতেছে। ধনেশ্বর কুবেরের নিকট হইতে আনীত মহাপদ্ম নামে নিধিরত্ন, সমুদ্রদত্ত উৎকৃষ্ট কেশর-বিশিষ্ট অম্লান পদ্মমালা, বরুণ-দত্ত কাঞ্চনস্রাবী ছত্র—অপূর্ব্ব ভূষণ, বসন—সমস্তই আপনার গৃহে শোভা পাইতেছে, এমন কি, হেমপদ্মযুক্ত, রত্নরূপে পরিণত যে অদ্ভুত রথ পূর্ব্বে প্রজাপতি ব্রহ্মার ছিল, সেই বিমান-রত্ন এক্ষণে আপনার গৃহ-প্রাঙ্গণ আশ্রয় করিয়াছে। হে দৈত্যরাজ! ভুবনের সর্ব্বশ্রেষ্ঠ রত্ন সমুদায় যখন আপনি অধিকার করিয়াছেন, তখন কি জন্য এই কল্যাণী রমণীরত্ন গ্রহণ করিতেছেন না?"

১২

চণ্ড-মুণ্ডের কথা শুনিয়া বিস্মিত দৈত্যরাজ সুগ্রীব নামক অনুচরকে আহ্বান করিলেন। সুগ্রীব নিকটে আসিলে, তিনি তাহাকে বলিলেন—"তুমি এই দণ্ডেই হিমালয় প্রদেশে গমন কর। এবং পর্ব্বতের অধিত্যকায় বিচরণশীলা দেবীর নিকটে উপস্থিত হইয়া আমার ঐশ্বর্য্যের কথা জ্ঞাপন কর, এবং যাহাতে প্রীতমনে তিনি এখানে আগমন করেন, তাহার ব্যবস্থা কর।"

দৈত্যরাজ কর্ত্তৃক আদিষ্ট হইয়া সুগ্রীব হিমালয়ে গমন করিল। যাইয়া দেখিল, রক্তবসনপরিধানা প্রকৃতি-ভূষণা শ্যামা এক পরমরমণীয় অধিত্যকায় দাঁড়াইয়া আছেন। পার্শ্বে সহস্র কাঞ্চন-দলে কমল ফুটিয়াছে; সম্মুখে জাহ্নবীতরঙ্গ অসংখ্য রত্নোপহার পতিত রহিয়াছে। পরতরল কল্লোল

সিংহ সেই কোমল চরণের ভার ধরিবার জন্য যেন সর্ব্বশক্তি পুঞ্জীকৃত করিয়াছে।

জননী একহস্তে ভূমিসংলগ্ন ত্রিশূল ধরিয়া অন্য করকমল ঈষদুত্তোলিত করিয়া জগতে অভয় বিতরণ করিতেছিলেন। শ্রীচরণচুম্বিত-কেশরাশি মলয়-পবনে আন্দোলিত হইয়া গিরিশিখরে মেঘের তরঙ্গ তুলিতেছিল। নীল-নলিনাক্ষ নয়ন ঊর্দ্ধে জ্যোতির্ধারায় সমস্ত আকাশকে নীলবর্ণে রঞ্জিত করিতেছিল। ধ্যানস্থা যোগিনীর ন্যায় জগদ্ধাত্রী মানবীদেহে আপনার ভুবনব্যাপিনী মাধুরী উপভোগ করিতেছিলেন।

সুগ্রীব ধীরে ধীরে পার্ব্বতীর সমীপে উপস্থিত হইল, এবং অতি কোমলভাবে মধুরবাক্যে তাঁহাকে বলিতে লাগিল—"হে দেবি! দৈত্যরাজ শুম্ভ ত্রিভুবনের একাধিপতি; আমি তাঁহার প্রেরিত দূত; এখানে আপনার নিকটে আগমন করিয়াছি।"

পার্ব্বতী বলিলেন—"কি জন্য আসিয়াছ বল।"

সুগ্রীব বলিল—"সেই দৈত্যরাজের কথা আপনাকে শুনাইতে আসিয়াছি। তিনি বলেন, 'এই নিখিল ত্রৈলোক্য আমারই। দেবগণ আমার আজ্ঞানুবর্ত্তী। এই নিখিল ভূমণ্ডলে যেখানে যা সর্ব্বোৎকৃষ্ট রত্ন ছিল, সমস্তই আমার করতলগত হইয়াছে। দেবগণ, নাগগণ সকলে আমাকে প্রণাম করিয়া, সেই সকল রত্ন আমাকে উপহার দিয়াছেন। আপনিও স্ত্রী-রত্ন, সুতরাং আমার অধিকারে আসিবার যোগ্য। আমার পত্নী হইলে আপনি অতুল ঐশ্বর্য্য প্রাপ্ত হইবেন; বুদ্ধি দ্বারা ইহা সমালোচনা করিয়া আপনি আমার অথবা আমার সমবিক্রমশালী ভ্রাতা নিশুম্ভের পত্নীত্ব স্বীকার করুন'।" প্রভুর উক্তি দেবীকে শুনাইয়া সুগ্রীব দেবীর উত্তরের প্রতীক্ষায় নীরব হইল।

দেবী কহিলেন—"তুমি সত্য বলিয়াছ। শুম্ভ সম্বন্ধে তুমি কিছুই মিথ্যা বল নাই; শুম্ভ ত্রিলোকের অধীশ্বর; নিশুম্ভও তাঁহারই তুল্য। কিন্তু এই বিবাহ বিষয়ে আমি একটি প্রতিজ্ঞা করিয়াছি। আমি কেমন করিয়া তাহা মিথ্যা করি?"

সুগ্রীব জিজ্ঞাসা করিল—"কি প্রতিজ্ঞা বলুন?"

পার্ব্বতী কহিলেন—"অল্পবুদ্ধিবশতঃ পূর্ব্বে আমি যে প্রতিজ্ঞা করিয়াছি, তাহা শ্রবণ কর। আমি প্রতিজ্ঞা করিয়াছি—

যো মাং জয়তি সংগ্রামে যো মে দর্পং ব্যপোহতি
যো মে প্রতিবলো লোকে স মে ভর্ত্তা ভবিষ্যতি

"যে ব্যক্তি আমাকে সংগ্রামে পরাজিত করিবে, যে ব্যক্তি আমার দর্প চূর্ণ করিবে, যে ব্যক্তি আমার তুল্য শক্তিশালী, তাহাকেই আমি স্বামিত্বে বরণ করিব। অতএব অসুররাজ শুম্ভ, অথবা তাঁহার ভ্রাতা নিশুম্ভ এখানে আসুন। বিলম্বে প্রয়োজন নাই। শীঘ্র আমাকে পরাজিত করিয়া আমার পাণিগ্রহণ করুন।"

এতক্ষণ দৈত্যদূত মিষ্টবাক্যে দেবীর সহিত কথা কহিতেছিল। দেবীর এই বিস্ময়কর বাক্য শুনিয়া, অবলার এই অসম্ভব অহঙ্কার দেখিয়া তাহার মনে ক্রোধের সঞ্চার হইল। যে ত্রিলোকাধিপতির অনুচর, নিজেও দেবপরাজয়ের যশ ধারণ করে, সে এক কোমলা কুমারীর দর্প সহ্য করিতে পারিবে কেন? ক্রোধে সুগ্রীব বলিয়া উঠিল—"হে দেবি! আমি দেখিতেছি রূপের অহঙ্কারে তোমার মতিবুদ্ধি বিকৃত হইয়াছে। সাবধান! আমার সম্মুখে এরূপ কথা আর বলিও না। ত্রিভুবনে এমন পুরুষ কে আছে যে, শুম্ভ নিশুম্ভের সম্মুখে যুদ্ধার্থী হইয়া দাঁড়াইতে পারে? ইন্দ্র তাহার বজ্র লইয়া, বরুণ তাহার পাশ লইয়া, কুবের তাহার শক্তি লইয়া, যম তাহার দণ্ড লইয়া তাহাদের একের সম্মুখে তিষ্ঠিতে পারে নাই। শুম্ভ নিশুম্ভের কথা দূরে থাকুক, সমস্ত দেবতা মিলিত হইয়াও আমাদের আর দৈত্যগণের সম্মুখেও দাঁড়াইতে পারে না। তুমি রমণী তাহাতে একাকিনী; স্পর্দ্ধিনী হইয়া তুমি কিরূপে শুম্ভনিশুম্ভের সম্মুখে দাঁড়াইবে? আমিই তোমাকে উপদেশ দিতেছি। তোমার প্রতিজ্ঞার কথা রাখ। এখনি শুম্ভনিশুম্ভের নিকট গমন কর। কেশাকর্ষণে হতগৌরবা হইয়া যাইও না।"

পার্ব্বতী দূতের কথায় ঈষৎ হাসিয়া উত্তর করিলেন—"তুমি যাহা বলিলে, তাহা ত বটেই। শুম্ভ-নিশুম্ভ যে বলী বীর্য্যশালী, তাহাতে সন্দেহ কি? কিন্তু কি করি বল, পূর্ব্বে বিবেচনা না করিয়া আমি প্রতিজ্ঞা করিয়াছি।"

সুগ্রীব বুঝিল, বিনা বলপ্রয়োগে এ রমণী শুম্ভ-ভবনে যাইবে না। বলিল—"তবে আমি দৈত্যরাজকে এই কথা বলি?"

...ী বলিলেন—"হাঁ! তুমি আমার দূত হইয়া যাও; আমি যাহা বলিলাম, সে সমস্ত ...কে বল। তিনি শুনিয়া যাহা যুক্তিযুক্ত ...ন।"

...বীর উত্তর শুনিয়া সুগ্রীব বড়ই ক্রুদ্ধ হইয়া- ক্রুদ্ধ হইবারই কথা। সে নিজেই একটা ...ক্রমী বীর, তাহার সম্মুখে একটা ক্ষুদ্র কুমারী ...গর্ব্ব করিতেছে, বীরশ্রেষ্ঠ শুম্ভকে যুদ্ধে ...ন করিতেছে, ইহা কোন্ বীর সহ্য করিতে ...? একবার সে মনে করিল, আমিই এই ...রীর কেশাকর্ষণ করিয়া দৈত্যরাজের কাছে ...লইয়া যাই। কিন্তু তাহা ত হইতে পারে ...সে কেবলমাত্র দূত হইয়া আসিয়াছে, তাহার ...না নীতিশাস্ত্রের বিরুদ্ধ। এইজন্য সে মনের ...মনেই চাপিয়া তাহার রাজার নিকটে গমন ..., এবং শুম্ভ যেখানে দানবগণকে লইয়া সভা ...বসিয়াছিলেন, সেইখানে উপস্থিত হইল।

১৩

...ম্ভ সুগ্রীবকে দেখিয়াই রমণীর বৃত্তান্ত জানিতে ...লেন, এবং তাহার সঙ্গেই সে আসিল না কেন, ...র কারণ জিজ্ঞাসা করিলেন।

...গ্রীব করযোড়ে উত্তর করিল,—"মহারাজ! ...ণী হয় উন্মাদিনী, না হয় গর্ব্বিণী। আমি ...র নিকটে যাইয়া আপনার আদেশ ...ইলাম। শুনিয়া রমণী অবজ্ঞার সহিত ...,—'যে আমাকে যুদ্ধে পরাজিত করিতে ...বে, সেই আমার স্বামী হইবে।' এই বলিয়া ...আপনাকে অথবা আপনার ভ্রাতাকে সমরে ...ান করিয়াছে। বলিয়াছে, শুম্ভ কিম্বা নিশুম্ভ ...ন আসুন; এবং শীঘ্র আমাকে পরাজিত ...র আমার পাণিগ্রহণ করুন।"

...গ্রীবের মুখে অপরিচিতার কথা শুনিয়া সভাস্থ ...র দল হাস্য করিয়া উঠিল। তাহারা হাসিল, ...তাহারা সুগ্রীবের কথায় বিশ্বাস করিতে ...ল না। কিন্তু শুম্ভ হাসিলেন না। যে ...স্বকীয় ক্ষমতা ও বীর্য্যবলে ত্রিলোক অধিকার ...ে সমর্থ, দেবতারা যাহার ভয়ে আত্মগোপন ... সে ব্যক্তি বুদ্ধিতেও যে অসাধারণ, ...তে সন্দেহ কি? তাহার ভিতরে দেবত্ব-

দিগেরও অধিক শক্তি বিদ্যমান। তবে দেবতা ও দানবে প্রভেদ এই, দেবতারা সত্ত্বগুণপ্রধান, আর দানবদিগের ভিতরে রজঃ ও তমোগুণের আধিক্য।

এই তিন গুণের বিষয় সম্যকরূপে বুঝা তোমাদিগের পক্ষে আপাততঃ কঠিন হইবে। তথাপি আমি এই গুণের কথা উল্লেখ করিলাম। এই সময় হইতেই তোমাদের এই ত্রিগুণ সম্বন্ধে অন্ততঃ সামান্য কিছু জ্ঞান থাকা আবশ্যক।

তোমরা হয় ত দেখিয়াছ যে, তোমাদের বালকবালিকাদিগের মধ্যে চরিত্রগত কত প্রভেদ। যদি না দেখিয়া থাক, তাহা হইলে এইবার হইতে দেখিও, এবং সেই সঙ্গে আপনার দিকেও দৃষ্টি করিও। তাহা হইলে এই তিনটি গুণ সম্বন্ধে অনেকটা উপলব্ধি করিতে পারিবে।

তোমাদিগের মধ্যে দেখিবে, কেহ সদানন্দময়, কেহ অভিমানী, কেহ ক্রোধী, কেহ শান্ত, কেহ চঞ্চল, কেহ কর্মকুশল,—সর্ব্বদাই কাজ করিতে ভালবাসে—কেহ অলস—কাজ করিতে চাহে না, —কাজের কথা শুনিলেই তাহার জ্বর আসে, কেহ পরকে দান করিয়া আনন্দলাভ করে, কেহ পরের নিকট হইতে লইতে পারিলেই সন্তুষ্ট হয়, কেহ পিতা মাতা প্রভৃতি গুরুজনকে ভক্তি করে, আবার কেহ বা তাঁহাদের সর্ব্বদাই বিরক্ত করিয়া থাকে। একটু স্থিরভাবে সহিত দেখিলেই তোমরা তোমাদের মধ্যে এই চরিত্রগত পার্থক্য বুঝিতে পারিবে। কেন এই পার্থক্য হয়, পরে বলিতেছি। আগে এই গুণের মহিমা শুন।

ঋষি বলেন—এই তিনটি গুণ লইয়াই জগতের অস্তিত্ব। যে দিন জগৎ হইতে এই তিনটি গুণ তিরোহিত হইবে, সেই দিনই জগতের ধ্বংস হইবে। তখন এই পৃথিবী বৃক্ষ, লতা, পশু, পক্ষী, মানব, নদী, পর্ব্বত, আকাশে চন্দ্র, সূর্য্য, তারা নক্ষত্র ও দেবতা কিছুই থাকিবে না।

আদ্যাশক্তি মহামায়া এই তিনটি গুণ লইয়াই তাঁহার এই বিশাল সংসার রচনা করিয়াছেন। তোমরা ত পূর্ব্বেই দেখিয়াছ, নারায়ণ অনন্ত-শয্যায় যোগনিদ্রায় মগ্ন হইয়া শয়ন করিয়াছিলেন। ব্রহ্মার কাতর আহ্বানেও তিনি জাগরিত হইলেন না। শেষে ব্রহ্মা স্তবে মহামায়ার আবাহন করিলেন। আদ্যাশক্তি মহামায়ার আবির্ভাবের

সঙ্গে সঙ্গে নারায়ণের নিদ্রাভঙ্গ হইল। অমনি মধুকৈটভের বিনাশে জগৎ সৃষ্ট হইল।

যিনি ঘুমাইলেন, তাঁহাকে ঋষিরা বিষ্ণু বলিয়াছেন। কিন্তু মহামায়া জগন্ময়ী। তাঁহারই সাহায্যে ভগবান সংসারের সৃষ্টি করিয়াছেন। এই জন্যই মহামায়ার নাম আদ্যাশক্তি—আদিজননী।

সুতরাং সংসারের সমস্ত সৃষ্ট পদার্থেই সত্ত্ব, রজঃ, তমঃ—এই তিনটি গুণ আছে। এই ত্রিগুণ গাছে আছে, জলে আছে, পাহাড়ে আছে, পশুপক্ষী কীটে আছে, মানুষে আছে, দৈত্যে আছে, দেবতায় আছে, ব্রহ্মা, বিষ্ণু, শিবে আছে। উচ্চ দেবতা হইতে আরম্ভ করিয়া মৃত্তিকার একটি পরমাণু পর্যন্ত কেহই এই ত্রিগুণের খেলা হইতে নিস্তার পায় নাই।

তবে এই তিনটি গুণ সকল বস্তুতে সমান নয়। কাহারও সত্ত্বগুণ অধিক, কাহারও বা রজোগুণের আধিক্য, কাহারও বা তমোগুণের আধিক্য।

নির্মলতা সত্ত্বগুণের চিহ্ন, চঞ্চলতা রজোগুণের চিহ্ন, তমোগুণের [illegible]। এই তিন গুণের এই তিনটি প্রধান চিহ্ন। এই সকল চিহ্নের আবার নানারূপ। সে সকল পরিচয়ের উল্লেখ করা এ ক্ষুদ্র প্রবন্ধের উদ্দেশ্য নয়। [illegible] বুঝিতে [illegible], এ জগতের যাহা কিছু নির্মল ও সুন্দর, তাহাই সত্ত্বপ্রধান; যাহা চঞ্চল ও ক্রিয়াশীল, তাহাতেই রজোগুণের আধিক্য এবং যাহা গতিহীন ও ক্রিয়াহীন, তাহাতে তমোগুণ অধিক পরিমাণে অবস্থান করিতেছে।

সত্ত্বগুণ হইতে শান্তি, সুখ ও মধুরতা উৎপন্ন হয়; কামক্রোধাদি রিপু এবং সেই জন্য [illegible] অস্থিরতা ও যে কুকার্যাদি রজোগুণ হইতে উৎপন্ন হইয়া থাকে; মোহ ও মূঢ়তা তমোগুণের ধর্ম।

দেবতায় সত্ত্বগুণের আধিক্য, এই জন্য তাঁহারা শান্তির [illegible]। দানবে রজঃ ও তমোগুণের আধিক্য, এই জন্য তাহারা ক্রোধী, লোভী ও চির-অশান্তিময়—জগতের আধিপত্য লাভ করিলেও তাহাদের আকাঙ্ক্ষা মিটে না, সুতরাং দুঃখ ঘুচে না।

এইবারে মানুষ লইয়া কথা। আমি তোমাদিগকে পূর্বে [illegible] চরিত্রগত পার্থক্য লক্ষ্য করিতে বলিয়াছি। আবার সেই সঙ্গে নিজের চরিত্রের প্রতিও দৃষ্টি নিক্ষেপ করিতে বলিয়াছি। কেন বলিয়াছি, এইবারে তাহা বুঝিতে পারিয়াছ। সত্ত্ব, রজঃ, তমঃ—ত্রিগুণের কি গুণ, তাহা বোধ হয় অনুভব করিয়াছ।

তোমাদিগের মধ্যে যে বালকবালিকা সদানন্দময়, শান্ত, পরোপকারী, সত্যবাদী, গুরুজন ও দেবতায় ভক্তিমান এবং যে বুদ্ধিমান, ক্রোধ ও লোভশূন্য, সে সত্ত্বপ্রধান। জানিও, দেবতার গুণ তাহাতে বর্তমান রহিয়াছে। যে ক্রোধী, লোভী, [illegible], [illegible] প্রভৃতি, তাহাতে অধিক পরিমাণে রজোগুণ আছে। [illegible] বলিয়া [illegible] দিবারাত্রি ঘুমাইতে চায় [illegible] তমোগুণ অধিক পরিমাণে অবস্থান করিতেছে। [illegible] প্রভাব প্রায় হইয়াছে।

এইবারে সকলে নিজের নিজের চরিত্রের [illegible] বুঝিবে, তুমি [illegible]—কোন শ্রেণীর মানুষ।

[illegible]

ইহাতে দুঃখ করিবার প্রয়োজন নাই। প্রত্যেক মানুষের ভিতরে এক দুই ভাব আছে। পূর্ণ দেবতা ও পূর্ণ দানব মানবের ভিতরে নাই। যদি থাকে, তা আমাদের সাধারণ মানুষের অজ্ঞেয়।

যে দেবভাবাপন্ন, তাহার ভিতরেও আসুরিক ভাব অনেক পরিমাণে আছে। যে অসুরভাবাপন্ন, সে ব্যক্তিও অনেক দৈবীসম্পদের অধিকারী। দিবারাত্রি আমাদের ভিতরে এইরূপ দেব-দানবের যুদ্ধ চলিতেছে। আমরা সকলেই অসুরভাব দূর করিয়া অন্তরে দেবভাব প্রতিষ্ঠা করিতে অবিরত চেষ্টা করিতেছি। তোমরাও চেষ্টা কর। যখন অশক্ত বোধ করিবে, তখন মহামায়ার শরণাপন্ন হইবে। তিনি তাঁহার শক্তি দিয়া অসুরগুলাকে

[illegible] করিয়া দিবেন। তখন তোমরা মাতৃভূমির [illegible] রূপে [illegible] একটি দেবশক্তি, নিজ নিজ [illegible] জন্মভূমির মহিমা বিস্তার করিতে সমর্থ [illegible]।

[illegible] জগতের সর্ব্বশ্রেষ্ঠ [illegible] হইয়াছিলেন। [illegible] তাঁহার [illegible] আর কিছুই অবশিষ্ট ছিল না। [illegible] হয় নাই। [illegible]

[illegible]

২৪

[illegible] কিন্তু [illegible] ছিলেন না।

[illegible] শুধু তাই নয়, [illegible] সম্মুখে [illegible] নাই, সেই দুর্জ্জয় শক্তিকে [illegible] এক রমণী দণ্ডায়মানা হইয়াছে।

[illegible] জ্ঞান [illegible] দেবতাদের [illegible] হইল না। [illegible] কথা [illegible] বুঝিয়াছিলেন, অবলার কমনীয় [illegible] শক্তি লুকাইয়া, সেই রমণী [illegible] ও তাঁহার [illegible] নিজদের সমবেত [illegible] করিয়াছে। দুর্বুদ্ধি [illegible] দানব [illegible] রমণীকে ধরিয়া আনিবার স্পর্দ্ধা করিতে পারে, কিন্তু তাহা পারিবেন না। [illegible] বসিয়া থাকা তাঁহার [illegible]।

[illegible] অদম্য [illegible] পথে [illegible] তাঁহার সর্ব্বশরীর [illegible] তথাপি তিনি একান্ত বুদ্ধিহীনের [illegible] করিলেন না। [illegible] যে কোন এক জন [illegible] করিতে আদেশ দিলেন না।

[illegible] সেই [illegible] দেবতাদের [illegible]।

[illegible] করিয়া পার্শ্ববর্তী [illegible] করিয়া বলিলেন— [illegible] তুমি [illegible] হইয়া, [illegible] আনয়ন [illegible]।

[illegible] হইল। [illegible] আয়োজন [illegible] করিতে [illegible]।

[illegible] অভিহিত [illegible] তাঁহাকে [illegible] হইয়াছিল, [illegible] ধরিতে হইয়াছিল। [illegible] সহোদরী। [illegible] সম্মুখে উপস্থিত হইয়াছিল, [illegible] তখনই সেই আকার [illegible] করিয়া তাহাদের সংহার করিয়াছিলেন। সেই সকল স্বকীয় [illegible] ভিন্ন ভিন্ন কার্য্যকরী শক্তিকে তিনি নিজেই ভিন্ন ভিন্ন নাম প্রদান করিয়াছিলেন।

তথাপি তিনি পূর্ণা। [illegible] তাঁহা হইতে উৎপন্ন হইয়াছে, তথাপি তাঁহার স্বকীয় [illegible] শক্তির কণামাত্রও হ্রাস হয় নাই। এ কথা শুনিতে বড় বিচিত্র। তোমরা আমরা জানি, ষোল আনা হইতে এক আনা বাদ পড়িলে পোনেরো আনা

অবশিষ্ট থাকে, দুই আনা গেলে চৌদ্দ আনা। এইরূপ যতই বাদ পড়িবে, ততই ষোল আনা হইতে কমিতে থাকিবে। ষোল আনা বাদ পড়িলে আর কিছুই অবশিষ্ট থাকে না।

কিন্তু মহামায়ার লীলা বিচিত্র। তাঁহা হইতে এ অনন্ত ব্রহ্মাণ্ডের উৎপত্তি হইয়াছে। অনন্ত জীব, অনন্ত সূর্য্য, চন্দ্র, নক্ষত্র, তারা—এক কথায় অনন্ত ব্রহ্মাণ্ড অনন্ত শক্তির আভাস লইয়া তাঁহা হইতে উৎপন্ন হইয়াছে। মায়ের শক্তিরূপ হইতে যে সকল দেবীর উদ্ভব হইয়াছে, তাঁহারাও এক একটি অনন্তশক্তিধারিণী। তথাপি মা আমার যে অনন্ত সেই অনন্ত।

ঋষি বলিয়াছেন :—

পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥

এক পূর্ণ হইতে পূর্ণ উৎপন্ন হইয়াছে। পূর্ণ হইতে পূর্ণ বিযুক্ত হইয়াও পূর্ণ অবশিষ্ট রহিয়াছে।

সেই পূর্ণরূপিণী জননী এই প্রচণ্ড অসুর সংহার-কালে জগতের জীবের দুর্গতি নাশ করিতে দশ হস্ত বিস্তার করিয়া, দশভুজে দশ প্রহরণ ধরিয়া, জীবের বিপদ দশদিকে দূর করিয়াছিলেন। সেই দুর্গতিনাশিনী দশভুজাকে আমরাও কোন অনাদি-কাল হইতে দুর্গা বলিয়া আবাহন করিয়া আসিতেছি।

দেবীর এই লোমহর্ষণ যুদ্ধের বিবরণ ঋষি যে ভাবে বর্ণন করিয়াছেন, তাহা সম্পূর্ণরূপে এই পুস্তকে প্রকাশ করা অসম্ভব। সংক্ষেপে বর্ণনা করিয়া এই লীলাকাহিনী সমাপ্ত করিব।

১৫

প্রথমে ধূম্রলোচনের সহিত যুদ্ধ, এ যুদ্ধটা তাহার সৈন্যের সহিত দেবীর সিংহের যুদ্ধ বলিলে অত্যুক্তি হয় না। কেন না, ধূম্রলোচনকে বড় একটা যুদ্ধ করিতে হয় নাই। তাহার দম্ভ আস্ফালন মাত্রই সার হইয়াছিল।

সে ষাট হাজার দানবসেনা লইয়া দুর্গাকে বন্দিনী করিতে আসিয়াছিল। আসিয়া দেখিল, দুর্গা পূর্ব্বমত হিমালয়ের অধিত্যকায় আপনার মনে বিচরণ করিতেছেন।

